দৃষ্টান্ত বাক্য সংগ্রহ
A Collection of Proverbs

উইলিয়াম মর্টন
William Morton

সম্পাদনা
ডঃ বরুণ কুমার চক্রবর্তী

অপর্ণা বুক ডিস্ট্রিবিউটার্স
৭৩, মহাত্মা গান্ধী রোড (দ্বিতল)
কলকাতা-৭০০০০৯

প্রথম প্রকাশঃ
১লা বৈশাখ ১৩৪৯

প্রকাশক ঃ
এ· জানা

প্রচ্ছদ ঃ
অনুপ রায়

মুদ্রক ঃ
বাণী মুদ্রণ
১২, নরেন্দ্র সেন স্কোয়ার
কলকাতা-৭০০০০৯

উইলিয়াম কেরীর
পুণ্য স্মৃতির উদ্দেশে

সম্পাদকীয়

রামমোহন রায় এবং ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের সমসাময়িক 'বঙ্গদূত' পত্রিকার (১৮২৯) সম্পাদক বাবু নীলরতন হালদারের 'কবিতা-রত্নাকর' (১৮২৫) আসলে ২০৩টি সংস্কৃত প্রবাদের সংকলন-'The kobita-Rutnakar or collection of Sungskrit Proverbs in popular use'। এই সংকলনটি যে সে যুগে বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছিল, তার প্রমাণ মাত্র পাঁচ বৎসরের মধ্যে এ'টির দ্বিতীয় সংস্করণের প্রকাশ। দ্বিতীয় সংস্করণটি (১৮৩০) প্রকাশের সময় সংকলনটিতে একটি ভূমিকা সংযোজিত হয়, ভূমিকাটি মার্শম্যানের এবং ইংরেজিতে লেখা। শুধু ভূমিকাই নয়, সেইসঙ্গে সংকলনটিতে সংকলিত প্রবাদগুলির ইংরেজি অনুবাদগুলিও মার্শম্যানেরই করা। গ্রন্থটির আখ্যানপত্রে যদিও বলা হয়েছে ঃ The Kabita-Rutnakar or collection of Sungskrit Proverbs in popular use Translated into Bengali and English compiled by Neel-Rutna Halder, কিন্তু মার্শম্যান 'কবিতা-রত্নাকরে' সংকলিত প্রবাদগুলির ইংরেজি অনুবাদ প্রসঙ্গে স্পষ্টতঃ জানিয়েছেন—'I have inserted a translation of them into English…'। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে 'কবিতা-রত্নাকর' প্রকাশিত হয়েছিল শ্রীরামপুর থেকে এবং নীলরত্ন হালদারের নিজের মুদ্রণ যন্ত্রেই গ্রন্থটি মুদ্রিত হয়েছিল।

কিন্তু তবু বাংলা প্রবাদ চর্চার ক্ষেত্রে 'কবিতা-রত্নাকর'কে পথিকৃতের সম্মান দেওয়া চলে না এই কারণে যে এই গ্রন্থে সংকলক অবিমিশ্র সংস্কৃত প্রবাদ গুলিকেই স্থান দিয়েছিলেন। বাংলা প্রবাদের প্রথম সংকলন প্রকাশের কৃতিত্ব কোন বাঙ্গালীর নয়, এ কৃতিত্বের অধিকারী একজন বিদেশীয় ধর্ম প্রচারক নাম রেভারেণ্ড উইলিয়াম মর্টন। ১৮৩২ সালে অর্থাৎ নীলরত্ন হালদারের কবিতা-রত্নাকরের দ্বিতীয় সংস্করণটি প্রকাশের দুই বৎসর পরবর্তীকালে মর্টনের 'দৃষ্টান্ত বাক্যসংগ্রহ' প্রকাশিত হয়।

'কবিতা-রত্নাকরে' যেখানে অবিমিশ্র সংস্কৃত প্রবাদ ও সেগুলির বাংলা ও ইংরেজি অনুবাদ স্থান পেয়েছে, সেখানে মর্টনের 'দৃষ্টান্ত বাক্যসংগ্রহে' বাংলা প্রবাদ ও সেগুলির ইংরেজি অনুবাদ স্থান পেয়েছে। 'কবিতা-রত্নাকরে' সংকলিত প্রবাদের সংখ্যা ২০৩, কিন্তু মর্টনের 'দৃষ্টান্ত বাক্যসংগ্রহে' সংকলিত প্রবাদের সংখ্যা ৮৭৩(+২), অর্থৎ 'কবিতা-রত্নাকরে'র চতুর্গুণেরও বেশি। এতে অবশ্য ৭০টির মত সংস্কৃত প্রবাদও স্থান পেয়েছে। 'কবিতা-রত্নাকর' প্রকাশিত হয়েছে শ্রীরামপুর থেকে, কিন্তু 'দৃষ্টান্ত বাক্যসংগ্রহ' প্রকাশিত হয়েছে কলকাতা থেকে। নীলরত্ন হালদার তাঁর গ্রন্থটি যেখানে তাঁর নিজস্ব ছাপাখানা থেকে মুদ্রিত করেছিলেন, সেখানে মর্টনের গ্রন্থটি মুদ্রিত হয়েছিল ব্যাপটিস্ট

chievous hearer of some proverb, well known and relished by all the auditory ; but which, through the peculiar conventional meaning attached to the leading words in the sentence, we could not at the moment understand, and to which therefore we could offer no appropriate reply. Imagine the pexplexity, mortification, and grief of a Missionary, thus to see his hearers in a body desert him, led captive by the magic influence of a charm which he could no wise to resist ; contrast his situation with that of another well furnished with the ophoristic knowledge which this volume will supply, who, to an attack by a shrewd and cutting proverb, can instantly supply an answer in an aphorism equally known and pungent, and thus, while he gets rid of his discomfited opponent, attracts to himself a gratified congregation, better disposed than before to listen to his instruction. So great is the importance of this kind of knowledge to the Missionary, that a work like the present, so well adapted to communicate it, we regard as among his most important auxiliaries ! (Page 139-140)

এইবার 'দৃষ্টান্ত বাক্য সংগ্রহে'র উপকরণ সংগ্রহ সম্পর্কে উল্লেখ করা যেতে পারে। উইলিয়াম মর্টন তাঁর গ্রন্থের প্রবাদগুলির সিংহভাগ লাভ করেছিলেন সাকুলার রোড প্রেসের **W. H. Pearce**-এর কাছ থেকে। মর্টনের ভূমিকা থেকে জানা যায় যে **Pearce** তাঁর সঙ্গে সংশ্লিষ্ট এদেশীয় মানুষদের কাছ থেকে তাঁর সংগৃহীত প্রবাদগুলি লাভ করেছিলেন। তাছাড়া মর্টন কিছু সংখ্যক প্রবাদ সংগ্রহ করেছিলেন তাঁর বন্ধু **Reichardt**-এর কাছ থেকেও।

মর্টনের কৃতিত্ব হ'ল সংগৃহীত প্রবাদগুলির বিকৃতি না ঘটিয়ে যথাসম্ভব অবিকৃত ভাবে সেগুলির সংকলন করা। এমন কি সংকলিত প্রবাদগুলির ইংরেজি অনুবাদের ক্ষেত্রেও তিনি সৌন্দর্যসৃষ্টির প্রয়াস থেকে বিরত থেকে যথাসম্ভব স্থূল অর্থের প্রবাদগুলির আক্ষরিক অনুবাদে ব্রতী হয়েছেন। কিছু কিছু ক্ষেত্রে অবশ্য প্রবাদের অন্তর্নিহিত তাৎপর্য মর্টন ঠিকমত উপলব্ধি করতে পারেন নি। তিনি নিজেও তাঁর সীমাবদ্ধতার কথা অকপটে স্বীকার করেছেন। অবশ্য প্রবাদ যে লঘু কোন বিষয় নয়, বরং তা একটি জাতির চরিত্র, অভ্যাস, চিন্তা-ভাবনার দ্যোতক এই সত্য সম্পর্কে মর্টন অবহিত ছিলেন, সেদিক দিয়ে তাঁর অন্তর্দৃষ্টির প্রশংসাই করতে হয়।

মর্টন তাঁর 'দৃষ্টান্ত বাক্য সংগ্রহ' গ্রন্থের পরিকল্পনায় মার্শম্যানের দ্বারা যে প্রভাবিত হয়েছিলেন, সে সত্য অস্বীকারের উপায় নেই। মার্শম্যান নীলরত্ন হালদারের কবিতা-রত্নাকরের দ্বিতীয় সংস্করণে (১৮৩০) শুধু যে ইংরেজিতে ভূমিকা রচনা করে দিয়েছিলেন তাই নয়, সংকলিত প্রবাদগুলির

ইংরেজি অনুবাদও করে দিয়েছিলেন। মর্টন তাঁর 'দৃষ্টান্ত বাক্য সংগ্রহে' (১৮৩২) ধৃত প্রবাদগুলিরও ইংরেজি অনুবাদ সন্নিবিষ্ট করেছেন। অধিকন্তু তিনি প্রতিটি প্রবাদের তাৎপর্যও ইংরেজিতে ব্যাখ্যা করে দিয়েছেন।

Calcutta christian observer-এর ১৮৩৪ খ্রীস্টাব্দের মার্চ সংখ্যায় 'দৃষ্টান্ত বাক্য সংগ্রহে'র প্রশংসা সূচক সমালোচনা প্রকাশিত হলে মর্টন আরও প্রবাদ সংগ্রহে উৎসাহিত হন এবং পূর্বোল্লিখিত পত্রিকায় সেগুলি যথাক্রমে চার দফায় প্রকাশ করেন (**April, 1835 ; June, 1835 ; October, 1835 ; November, 1835**)। এইভাবে প্রকাশিত প্রবাদের মোট সংখ্যা হল ১৫৬। এগুলির কিছু মর্টন সংগ্রহ করেছিলেন বর্ধমানের রেভারেন্ড **T. wet brecht**-এর কাছ থেকে। মর্টন 'ক্যালকাটা ক্রিশ্চিয়ান অবজার্ভারে'র মাধ্যমে তাঁকে প্রবাদ সংগ্রহ করে দেবার আবেদনও প্রকাশ করেছিলেন ঃ

'He would feel much indebted to any other person who might be enabled to favour him with similar contribution' June 1835 ; The Calcutta christian observer)।

বাংলা লোক সংস্কৃতির উপকরণ সংগ্রহ করে দেবার জন্য পত্রিকার মত গণমাধ্যমের সাহায্য নেওয়া বোধকরি এই প্রথম। পাঠককে স্মরণ রাখতে হবে এই আবেদন প্রকাশ করা হয়েছিল এখন থেকে দীর্ঘ ১৫২ বৎসর পূর্বে।

'দৃষ্টান্ত বাক্য সংগ্রহে'র অপরাপর কয়েকটি বৈশিষ্ট্য সম্পর্কে এইবার উল্লেখ করা প্রয়োজন যেগুলির অনুল্লেখে বর্তমান সংকলনটির প্রকৃত মূল্যায়ন অসম্পূর্ণ থাকার সম্ভাবনা। মর্টন তাঁর সংকলনে অবিমিশ্র প্রবাদকেই স্থান দেন নি, বেশ কিছু প্রবাদ মূলক বাক্যাংশকেও নির্দ্বিধায় স্থান দিয়েছেন। যেমন গুরুমারা বিদ্যা (৪২০), পুরুষ সিংহ (৪৮০) গজকচ্ছবী (৪৮৬), অহিনকুলতা (৪৮৭), বুদ্ধির বৃহস্পতি (৪৯১), বাবলা পুরিয়া বিচার (৫৮৭), সোনার গাধা (৬৩৮), ধোপার কুত্তা (৬৬২) ইত্যাদি।

মর্টনের সংকলিত ৬০৫ সংখ্যকটি (পাঁচে ধরে, বত্রিশে খায়। আর সকলে রস পায়।।) আসলে একটি ধাঁধা। অর্থাৎ আলোচ্য সংকলনে অন্ততঃপক্ষে একটি ধাঁধারও অন্তর্ভুক্তি ঘটেছে।

সংকলিত প্রবাদগুলি অনেক ক্ষেত্রেই পরবর্তীকালের তুলনায় অনেক পরিবর্তিত রূপে স্থান পেয়েছে। অনুমান করা অনুচিত হবে না যে মর্টনের সংকলনে সংকলিত প্রবাদগুলির রূপই আদি এবং অকৃত্রিম। যেমন মর্টনের সংকলনে উল্লিখিত হয়েছে 'ঘরপোড়া গরু রক্ত সন্ধ্যা দেখিয়া ডরায়' (৪০৩)। কিন্তু ডঃ সুশীল কুমার দে'র সংকলনে এটিই সংকলিত হয়েছে 'ঘরপোড়া গরু সিঁদুরে মেঘে ডরায়' বলে। অর্থাৎ 'রক্ত সন্ধ্যা' পরিবর্তিত হয়েছে, 'সিঁদুরে মেঘে'তে। কিংবা মর্টনের সংকলনে বলা হয়েছে, 'এযে দেখি মেঘ চাহিতে জল' (১০৫); কিন্তু সুশীল দে'র সংকলনে এটি স্থান পেয়েছে এইভাবে—'মেঘ না চাইতে জল'। মর্টনের সংকলিত ১২৮ সংখ্যক প্রবাদটি হল 'কানু ছাড়া কীর্ত্তন নাই'; কিন্তু ডঃ আশুতোষ ভট্টাচার্যের সংকলনে এই

প্রবাদটি সংকলিত হয়েছে, 'কানু ছাড়া গীত নাই' (২০৭২) এই রূপে। মর্টনের ১৯৭ সংখ্যক প্রবাদটি হল 'লাগে তীর না লাগে তুক্ক', কিন্তু ডঃ দে'র সংকলনে এই প্রবাদটি স্থান পেয়েছে এইভাবে—'লাগে তুক্, না লাগে তুক্ক'।

মর্টনের সংকলনে লৌকিক প্রবাদ বা প্রবাদ মূলক বাক্যাংশ ছাড়াও কিছু কিছু ব্যক্তি বিশেষের রচনাও যে স্থান পেয়েছে তার দৃষ্টান্ত স্বরূপ ১৫১ সংখ্যক প্রবাদটির উল্লেখ করা যেতে পারে। 'মন্ত্রের সাধন কিম্বা শরীর পাতন' প্রবাদটি ভারতচন্দ্রের সৃষ্ট।

পূর্বেই উল্লিখিত হয়েছে যে মর্টন সংকলিত প্রবাদগুলির সাধ্যমত আক্ষরিক অনুবাদে প্রবৃত্ত হয়েছিলেন। কিন্তু সীমাবদ্ধতার কারণে কোনো কোনো ক্ষেত্রে যে তিনি সংকলিত প্রবাদের বা প্রবাদ বাক্যের অংশ বিশেষের কিংবা বিশেষ পদের তাৎপর্য অনুধাবন করতে না পারায় বিভ্রান্ত হয়েছিলেন, তার কয়েকটি দৃষ্টান্তের উল্লেখ করা প্রয়োজন।

৫২ সংখ্যক প্রবাদ 'বোঝার উপরে শাকের আঁটি'র ব্যাখ্যাটি যথাযথ হয়নি। মর্টন ব্যাখ্যা দিয়েছেন এইভাবে 'when a great object being attained, one covetuously asks a small kindness in addition। কিন্তু প্রকৃত তাৎপর্য হল বিপদের ওপর বিপদের সম্মুখীন হওয়া।

৭৯৫ সংখ্যক প্রবাদটি হল, 'কাঙ্গাল বলে ধন পাই, ধন বলে আসমানে ধাই'। মর্টন এর অনুবাদ করেছেন 'The poorman cries, 'Let me get money ; while the rich man exclaims, 'Let me mount to heaven!' এক্ষেত্রে প্রথম 'ধন' শব্দটির যথার্থ অর্থ করলেও, দ্বিতীয় 'ধন' শব্দটির ক্ষেত্রে মর্টন যে 'rich man' ব্যবহার করেছেন, আর তারই সঙ্গে সঙ্গতি রেখে তার স্বর্গে যাবার ইচ্ছার কথা বলেছেন তা যথার্থ নয়। এক্ষেত্রে বক্তব্য হল, কাঙ্গাল ধনের জন্য ব্যাকুলতা প্রকাশ করলেও ধন কিন্তু তার নাগালে আসার পরিবর্তে নাগালের বাইরে চলে যায়। 'আসমানে ধাই' অর্থে ধনীর স্বর্গে যাওয়ার ইচ্ছাকে বোঝানো হয়নি।

যাইহোক, মর্টন নিজেও তাঁর সীমাবদ্ধতা সম্পর্কে অবহিত ছিলেন, আর এ সম্পর্কে অকপটে স্বীকারও করে গেছেন। সত্যি কথা বলতে কি প্রবাদের অন্তর্নিহিত তাৎপর্য অনুধাবন তাঁর মত বিদেশীয়ের পক্ষে তো দূরের কথা বাংলা ভাষায় পারদর্শী অনেক বাঙ্গালীর পক্ষেও দুরধিগম্য ব্যাপার।

মর্টনের গ্রন্থটি বিদেশীয়দের জন্য বলে বহু ক্ষেত্রেই বাঙ্গালী সমাজের নানাবিধ আচার-আচরণ সংস্কার পৌরাণিক কাহিনী, চরিত্র ইত্যাদি সম্পর্কেও তাঁকে বিস্তারিত ভাবে উল্লেখ করতে দেখা গেছে।

তবে আদর্শ সংকলন বলতে যা বোঝায়, বর্তমান সংকলনটি সেই পর্যায়ে পড়ে না। আক্ষরিক কিংবা বিষয় অনুযায়ী প্রবাদগুলি সংকলিত হয়নি। এমনকি বিদেশীয় পাঠকের সুবিধার জন্য বাংলা প্রবাদের সঙ্গে ক্ষেত্রে বিশেষে যে সাদৃশ্য মূলক ইংরেজি প্রবাদের উল্লেখ প্রত্যাশিত ছিল, তাও অনুল্লিখিত

রয়ে গেছে। তবু প্রথম প্রয়াস বলে মর্টনকে সাধুবাদ জানাতেই হবে।

মর্টনের গ্রন্থটি বর্তমানে দুষ্প্রাপ্য। সেইজন্য যেমন দীর্ঘ ১৫৫ বৎসর পরে বর্তমান সংস্করণটির প্রকাশ, তেমনি পাঠক যাতে মর্টনের মূল গ্রন্থের সঙ্গে পরিচিত হতে পারেন, সেজন্য তাঁর গ্রন্থটির অবিকৃত রূপ বর্তমান সংস্করণে স্থান পেয়েছে। মর্টন ব্যবহৃত বহু বাংলা শব্দের বানান যে ত্রুটিপূর্ণ, সচেতন পাঠক তা লক্ষ্য করবেন। এগুলি এতই প্রচলিত শব্দ যে সেজন্য পাদটীকায় সংশোধিত রূপ দেওয়া হয় নি। বিশ্বাস, এতে পাঠকের কোনো অসুবিধা হবে না।

বর্তমান সংস্করণটি প্রকাশের ব্যাপারে শ্রীমান্ অজিত কুমার জানা যে পরিশ্রম করেছেন, সেজন্য তাঁকে আমার শুভাশীর্বাদ জানাই। বর্তমান সংস্করণটি প্রকাশের ব্যাপারে আমি উৎসাহ ও সহায়তা লাভ করেছি অনেকের কাছে। এঁদের মধ্যে প্রথমেই উল্লেখযোগ্য হলেন অধ্যাপক জাহ্নবী কুমার চক্রবর্তী এবং বন্ধুবর অশোক উপাধ্যায়। এঁদের শ্রদ্ধা ও প্রীতি জানাই। আর স্নেহাশিস্ জানাই আমার ছাত্র শ্রীমান্ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, শ্রীমান্ বিকাশ বসু, শ্রীমান্ সুব্রত কুমার চক্রবর্তী এবং শ্রীমান্ প্রদীপ ভট্টাচার্যকে।

PREFACE.

The present publication arose from the following circumstances. Understanding that Mr. W. H. Pearce, of the Circular Road Press, was in possession of a series of Native Proverbial Sayings, and desirous simply of persuing them, I applied to that gentleman for the loan of his MS. who not only, in the handsomest manner, conferred the kindness solicited, but added, with a liberality that reflects upon him the highest credit, that should I feel disposed to undertake the task of revisal and translation, with a view to publication, his materials were at my disposal. The present work is the result; a work which can scarcely fail to be of service to those who study the Bengali language, whether with a view to convey instruction to the Natives themselves, or to obtain an insight into their characters, habits, and modes of thinking.

The original Proverbs were, for the greater part, collected for Mr. Pearce by Natives around him. A few were kindly supplied me by my friend Mr. Reichardt. My task has been, besides correcting the very numerous errors in orthography, &c. and embodying with these such additional sayings as my own reading and conversation have furnished me with, to add a translation of the whole, with a notice of the application designed, corrected and enlarged from a Bengali one attached, in most cases, to the original, and always carefully verified.

The translation aims more at correctness than elegance, which latter quality is scarcely indeed compatible either with the homeliness of most of these aphorisms, or with the literality indispensable to the object in view in presenting them to the European Public. Delicacy and propriety too, have sometimes demanded a deviation from the coarseness of the original Proverb, which nevertheless it was judged well not to withhold, as serving to the immediate design of the publication. I must not, however, be considered responsible for any sentiments expressed, in many cases so directly at variance with the truth of nature, policy or science: my office is not to patronize opinions, but to exhibit them, in order to aid an insight into the structure of the native mind; and in doing so I trust I shall not have been unsuccessfully employed, or have expen-

ded without an adequate result of advantage, the labour, by no means inconsiderable, necessarily undergone.

The estimates formed of this collection may be various. Some may deem a large portion of its contents mean; and current among an illiterate people, the style is of course often low and incorrect; yet as the actual expression, in customary language, of the national character and notions, it is only the more valuable. Avarice and cunning, selfishness and apathy, everywhere show themselves; the sordidness of worldly aims, and indifference to higher, are seen to flow naturally from a base idolatry that confers neither elevation of mind nor purity of heart.

Hence, however, a greater sympathy with the demoralized condition and superstitious ignorance of a whole people, will probably be excited,—and consequently a more diligent and pitying activity exerted, in endeavouring to introduce amongst them the light of truth, the power of a rational piety, a holy and spiritual religion.

Nor, judging from my own experience, is the advantage small, I apprehend, derivable from this collection, towards understanding many otherwise obscure passages in books, or concise allusions in the conversation of Natives. In this view are added to the Bengali a few Sanscrit proverbs frequently heard from the mouths of the better instructed, or met with in the higher publications.

In conclusion, the merit of the suggestion of the present work is due entirely to Mr. Pearce; as well as that of having caused the far larger portion of the collection to be made—the deficiencies in execution, be they what they may, are attributable only to myself. It should be observed, however, that isolated sentences like these, and often incomplete in grammatical structure, are peculiarly difficult and frequently susceptible of various renderings: if, therefore, I have occasionally failed to seize the just intention of a Proverb, this circumstance must plead excuse for me with the candid and considerate reader.

I now resign to the judgment of those for whose benefit I have been occupied, the result of an application, the object of which, doubtless, will obtain for my work that measure of indulgence which it may require.

CHINSURA, *July*, 1832.

W. M.

A
COLLECTION OF PROVERBS, &c.

1. উঠিত মূলা পাতায় চেনা যায়।

The springing radish is known by its first leaf-sprouts.

Meaning, that as the size of these decides that of the mature radish, so the future eminence or excellence of a man may be determined by the earliest indications of his disposition.

2. বাঘের গোবধ।

'Tis the tiger's preying on the cow.

Intimating, that if evil-disposed men injure others, or practise any villainy, it is but what was to be expected; as the natural ferocity of the tiger impels him to devour the useful cow.

3. ছুঁচো গন্ধে রক্ষা নাই, বোট্‌কা গন্ধ কয়।

He cannot get rid of the stench of the musk-rat, and says every thing smells rank.

A sarcasm on one who, though wretchedly poor, yet when away from home boasts himself wealthy—as one who having in his own abode eaten something affected with the smell of the musk-rat, being invited to another's feast, supposes an ill savour in the best article of food presented him.

4. খুদ্‌ পায় না মলূকারে কাঁদে।

When one can't obtain crumbs, calling for cleaned rice.

Applied to a low person aiming at a high post: resembling a child who cannot, by whining, obtain from his mother the refuse crumbs, yet begins to cry for the picked rice.

5. ভাত দেবার ভাতার নয়, কিল মারিবার গোসাঁই।

A bad rice-providing husband, but clever at thumping.

Applied to one in whose service one risks even life

without being advantaged, while reproached with the slightest fault—resembling a man unable to maintain his wife, yet beating her on the smallest provocation.

6. ভাত খাও ভাতারের, গুণ গাও নাঙের।

What! eat a husband's rice, and extol the merits of a gallant!

Said to one who though long supported by the individual who employs him, yet from ill-will to him, sounds the praises of another—like an adulterous wife, who fed and clothed at her husband's cost, extols the merits of her paramour.

7. জপের সঙ্গে খোঁজ নাই, ফটিকে রাঙ্গা থোপ।

Not a vestige of prayer, with a fine tasselled rosary of chrystal beads.

Applied to false or vain pretences; as when an unskilful person sets himself off as a clever fellow; like a hypocritical devotee, who carries a chrystal bead-roll with fine tassels of red silk, and struts about with it before the people, yet does not, once even by chance, utter the name of God upon it.

8. কাণা পুত্রের নাম পদ্মলোচন।

The blind son's name is Lily-eyed.

When vile persons are decorated with fine titles and attributes: as when one being childless has at length a son born blind, and calls him, through a doting fondness, Lily-eyed!

9. বামন হইয়া চাঁদে হাত।

The dwarf seizing the moon with his hands!

Used of one who, himself unqualified, wishes for high office and large possessions, and reviles his superiors.

10. মূলে মাদুরী নাই, উত্তর শিহরি।

Not a mat to begin with, and shudders at the north!

When a penniless person would ape the affluent; like one destitute of even a mat to lie upon, shunning to place his head to the north—(carefully avoided by the respectable).

11. বানরের গলায় ঘণ্টা।

'Tis the bell on the ape's neck!

Addressed to an incompetent person, charged with an office of importance; resembling the monkey on whose neck a large bell had been fastened, which, by its weight, disabled him from moving about.

12. তোমারো পিরিতি বালির বাঁদ, ক্ষণেক হাতে দড়ি ক্ষণেক চাঁদ।

Your love is a dam of sand: one moment placing the moon in my hand, the next threatening me with a rope.

Addressed to an employer, or a great man, in dancing attendance upon whom you are first encouraged with a shew of kindness, but in the end, instead of serving he is disposed to be severe upon you; resembling a dam of sand, which holds out as long as the weather is dry, but when the rains fall, leaves no trace of its existence; or as friendship with the deceitful, in which is no permanent enjoyment, and which lasts not long—who will at first strive to please, as though he would place the moon in your hands, and again load you even with fetters.

13. লাভ না ভূতো কাঠ পানা গুতো।

No gain to be had but a punch with a stick!

Said to one from whom there is little expectation of aid or service, but who, on the contrary, is ready to injure you.

14. মাথা নাই তার মাথা ব্যথা।

His head aches that has no head!

When one talks of or wishes for what is either difficult of attainment or altogether unattainable.

15. গাঁ বড় তার মাঝের পাড়া।

A great village with its central quarter!

(Meaning one too small and insignificant to be distinguished into quarters). Spoken of one who extols extravagantly a mean person, or trifling object.

16. এক গাঁয় ঢেঁকি পড়ে আর গায়ে মাথা ব্যথা।

A pestle has fallen in one village, and head-aches are felt in another!

When one is angered or pleased by the praise or abuse bestowed on others.

17. কোথা রাম? রাজা হয় না। কোথা রাম? বনে।

Where's Ram? he is not king: where is Ram? in the desert.

When, praying for a desired object, the contrary falls out. In allusion to a story of Ram's consecration as king, followed not by his reigning, as anticipated, but by his penance in the desert.

18. পাগলা ভাত খাবি না, হাত ধোব কোথায়।

Here, fool! won't you eat some rice? where shall I wash my hands?

When one is anxious for a thing, which, when attainable, another asks him will he not take. As much as to say with us, Will a cat eat fish? and meaning that he *will* of course, and make no difficulty at doing so, any more than a fool will refuse to eat offered rice before he has washed his hands, (which none but an idiot among Hindoos would do.)

19. মোল্লার দৌড় মশীদ তাগাদি।

The Mullah runs as far as the mosque.

(Meaning that he can go no further.) When a person having committed an offence, goes straight to some great man his patron, to secure a pardon, yet cannot effect it; and so, able to do no more, resigns himself to his fate.

20. পাগলে কি না বলে, আকালে কি না খায়।

What won't a fool say, and what won't men eat in a famine!

Said to one who abuses a worthy person.

21. গোড়া কেটে আগায় জল ঢালা।

Cutting at the root, and watering the top!

Spoken to one who pretends to do service where he has before really injured.

22. খোষকে তেল নাই, কলার বড়ায় সাধ।

With no oil for his skin, longing for banana cakes, (fried in oil.)

Of one who, though destitute of food and raiment, indulges a longing for luxuries.

23. বড় বিয়ে তার দুই পায়ে আলতা।

A great wedding! lac-paper on both legs!

Said jeeringly, when a man makes a great fuss about a trifling matter; as if one should attempt the display of all the ornaments, &c. of a great marriage procession in the case of a very humble wedding.

24. পথ ছেড়ে অপথে গেলে, কাঠি দিয়া কেহ ছোঁবে না।

No one will touch, even with a stick, him who forsakes the right way for the wrong.

Addressed to deter one, who neglecting his proper duties, engages in what he ought not.

25. এতো ছেলের হাতের পিঠে নয়, যে ভোগা দিয়া খাবে।

This is no cake in a child's hand, to be got hold of by wheedling.

When one attempts, by artful efforts, to get possession of something belonging to another.

26. অন্ধ জাগো না কিবা রাত্রি কিবা দিন।

Won't you wake, blind man? what is day or night to him?

Said jeeringly when one always inconsiderate is exhorted to be reflective and careful.

27. চোরের উপরে বাট্‌পাড়ী।

Robbery on the thief!

On occasion of deceptions practised on one who has made a gain by deceiving others himself.

28. হাতের শাঁখা দর্পণে দেখা।

Using a mirror to look at one's bracelets.

When a laborious mode is taken to learn what is easily and simply understood.

29. হাতির সঙ্গে বেঁড়ে বলদের ঠেস।

The tailless ox pushing at an elephant!

When a low fellow is found vilifying a great personage.

30. জাহাজের কাছে জেলে ডিঙ্গি।

The fisherman's skiff and the merchant-ship.

When one mentions or extols a mean person after hearing the praises or mention of a high personage.

31. জাহাজের মাস্তুলের ভর কি জেলে ডিঙ্গিতে সহে।

Can the fishing boat bear the ship's mast?

Said when a low person is injured by the attainment of a great charge.

32. ছাতার বলে গাঁ আমার।

The Chhatar bird says, the village is mine!

When a mean fellow gives himself out as owner of what belongs to another.

33. বড় গাছেই ঝড় লাগে।

The storm strikes the loftiest tree.

When an eminent person is the prey of misfortune.

34. নটের বৃদ্ধি হয় না কেন, থাকিবে না দুই ঘড়ি।

Why does the buffoon gain no permanent advancement?
His dignities continue not beyond a couple of hours.

Applied prophetically to a vicious person, advanecd (for a while) by his villainies.

35. কাক মরে ঝড়ে, পেঁচা বলে আমার শাঁপে মরিল।

The crow was killed by the storm: he died by my curse, says the owl.

When one rejoices in the accidental misfortunes of an enemy.

36. যে দেশে কাক নাই সে দেশে কি রাত্রি পোয়াবে না।

Will morning not dawn where there are no crows?

Meaning to ridicule the vaunting assertion that a work cannot be accomplished without such or such a person.

37. বিশ্বকর্মা যত কারিকর, তাহা জগন্নাথ দিয়া জানা যায়।

One may know what sort of workman Vishwakarma is by Jagannath.

The clumsy image of Jagannath was made by Vishwakarma, architect of the gods. Spoken when praises are lavished on the abilities of a senseless fellow.

38. ঠক বাছিতে গাঁ উজড়।

If you should pick out the rogues, the town would be desolate.

When, amid numbers, most are found equally depraved, and virtue is rare.

39. কাহারো সর্ব্বনাশ কাহারো ভাদ্র মাস।

One man's ruin, another's rainy season—(when the new rice comes in.)

Said when what is an advantage to one is ruinous to many.

40. ছাগল বলে, প্রাণে মরিলাম ; গৃহস্থ বলে, আলূণি খেলাম।

The Kid cries, I die; while the householder says, I have eaten but an insipid meal.

When, in attempting a kindness, the obliged feels himself not benefitted, while the obliger is injured.

41. শেয়ানে ২ কোলাকোলি, মুটুম হাত এড়াএড়ি।

Two crafty persons embracing, but at arm's length!

When two rogues endeavour mutually to over-reach without succeeding.

42. চেটায় শুইয়া লক্ষ টাকার স্বপ্ন দেখে।

He who sleeps on a mat dreams of lacks.

When one, who is mean and poor, would assume the appearance of a man of wealth.

43. না পড়ালে পো, সভায় নিয়া থো।

If you have neglected your son's education, carry him into society.

Meaning, that a person, though uninformed or vicious, may be improved by intercourse with the wise and good.

44. হিন্দুর দেবতা উপরে চিকণ ২ ভিতরে খড়।

Like Hindu Gods, externally sleek and shining, dry grass within.

Applied to things or persons promising in appearance, though in reality useless or worthless.

45. গাই নাই তো বলদ দোও।

Have you no cow, then milk the ox.

Used sarcastically, when one requires something impracticable or unattainable.

46. লঙ্কায় গিয়া হলুদের গুঁড়া।

Going to Ceylon for a few grains of turmeric.

When one has gained little by attendance on the great, or by distant travel.

47. যার ছেলে যত খায়, তার ছেলে তত লালায়।

The more one's children eat, the more they crave.

When after large gains in a person's service, a man is still unsatisfied, but rather craves the more.

48. লাক টাকা লাক টাকা দুই কুড়ি দশ টাকা।

A lack and a lack, says one—make two score and ten, says another.

When a foolish fellow asserts that something which demands great labour and large expenditure may be effected at little cost of toil or money. Used also as a reproof to those who talk big.

49. চাঁদের গায় থুথু ফেলিতে আপন গায় লাগে।

When one spits on the moon, it falls back on one's self.

Applied to one who labours to reproach or expose his own relatives or connexions.

50. সেকরার ঠুক্ঠাক কামারের এক ঘা।

The goldsmith's hammer taps often, the smith's gives a single blow.

Meaning that an object is by one man effected with much difficulty, which by a higher personage may be accomplished with ease.

51. দশের লাঠি একের বোঝা।

Ten men's sticks are one man's load.

Applied to the large benefit accruing to an indigent individual, from the aggregate of the small favours and charities of many.

52. বোঝার উপরে শাক আঁটি।

A bundle of greens over a load.

When a great object being attained, one covetously asks a small kindness in addition.

53. ছরত্তি বিষ নাই কুলা পানা চক্র।

Not six grains of poison, and a neck swelled as large as a winnowing fan!

When one of small intelligence himself is yet in a fierce rage with another: like snakes without poison, swelling the neck in his wrath.

54. সর্ব্বাঙ্গে ঘা ঔষধ দিতে ঠাঁই নাই।

All over wounds, not a spot for a plaster.

Spoken of one involved in many troubles.

55. যারে যখন মজে মন কিবা হাড়ি কিবা ডোম।

When the heart clings to a lover, who cares whether he be Hari or Dom ?—(two low castes.)

Meaning, that people weigh not the birth or qualities of those to whom they are personally attached.

56. জন্ম গেল ছেলে খেতে আজি বলে ডাইন।

I have eaten children all my life, and they now call me witch !

When one attributes to a person as a fault, or blames him for, what he has long been allowed to practise with advantage.

57. পেটে ক্ষুধা মুখে লাজ, সে লাজে কি কায।

Of what use is a blush on the face, when the belly is hungry ?

Addressed to one who hesitates from shame or bashfulness to express the desire he feels or the want he would unfold.

58. নেড়ে নহে ইষ্টি, তেঁতুল নহে মিষ্টি।

Nothing desirable in the bald mendicant devotee, no sweetness in the tamarind.

To intimate, of a depraved or low-born person, that his very nature is evil, and unamiable.

59. নায় না ধোয় মাঝখানে শোয়।

He merely washes without bathing, and lies down to sleep in the centre.

Said when a stranger would be familiar, or take part in an affair with which he is not concerned, or in an advantage to procure which he has not contributed : like one who lays himself down to sleep among respectable persons, before he has performed the necessary ablutions.

60. বার হাত কাপড়ের তের হাত দশা।

Thirteen cubits fringe to twelve cubits of cloth!

Applied to much ado about a small matter.

61. এ*টো খায় মিঠার লোভে।

Men eat leavings for the sake of the sweetmeat.

Intimating that for gain people will do mean actions.

62. পেটে খেলে পিঠে সয়।

When the belly is full the back will bear—(burdens.)

Meaning that many things disagreeable will be borne with for the sake of gain.

63. কামারকে কুমার বৃত্তি সাজে না।

The potter's trade befits not the blacksmith.

Every man executes his own work best ; it is not so well done by another.

64. যাহার কর্ম্ম তাহারে সাজে, অন্যের যেন লাঠি বাজে।

A man's work befits himself ; in another'tis like being beaten with sticks.

Every thing is best performed by him who from practice is expert at it.

65. মনে করি করি ২, হয় ২ হয় না।

Thinking I'll have an elephant, when I can't get even a horse.

When one longs for great matters or high employments, though unable to attain the less, or inferior.

66. খোঁড়ার পা খালেই পড়ে।

The lame man's foot slips in the fissure.

When one already in trouble is overtaken by fresh misfortune.

67. কাণা গরু বামণকে দান।

Giving a blind cow to a Brahmin.

When one presents another with something useless to him or insufficient for his purpose.

68. ভাল মন্দ বোঝা যায় না ও দেঁতোর হাসি।

No knowing good or ill from the laugh of the snaggle-toothed.

(Of whom one cannot tell whether he laughs or not, for his prominent teeth and open mouth.)

When one cannot certainly gather a person's design to do or not to do a thing in question.

69. রাজার কাছে কোটালের দোহাই।

Calling to the constable for justice, when the prince is by.

When one petitions an underling in a principal's presence.

70. ঘুঘু দেখিয়াছ ফাঁদ দেখ নাই।

You see the dove and not the snare.

Intimating that a man will reap the due reward or a crime, though now in pursuing his object he overlook it.

71. বাঘের ঘরে ঘোগের বাসা।

'Tis the slow Lemur sitting in the Tiger's lair.

Addressed to one who would practise on the crafty.

72. জামীন হয় দিতে গাছে উঠে মরিতে।

One becomes bail to a loss, as one mounts the tree to die.

(Ascending without fear of a fall, and consequent death.)

Said when one enters upon a business with the certain assurance of an evil or unfortunate result.

73. যখন যেমন তখন তেমন।

When and as, Then and so.

To express that a man will or should act according to circumstances and as they arise, adapting his procedure thereto.

74. বেল পাকিলে কাকের কি।

When the bel *fruit ripens, what will the crow gain?*

Said when there is no likelihood of a person's deriving advantage from a thing when completed, in expectation of which he is yet delighting himself.

75. মনে করছেন কেও, পাকিলে খাবেন ডেও।

The crow conceits when the bread-fruit is ripe he shall eat it.

When instead of advantage there is rather a probability of harm, from what one has looked forward to with the desire and expectation of good.

76. একি ওঠ্ ছুঁড়ি তোর বিয়ে।

What's this, lass? rise for your wedding.

When one attempts hastily to accomplish what, like the preparations for a marriage, requires time and diligence.

77. যাহার ধন তাহার ধন নহে, নেপ মারে দই।

The gain's not for him to whom it belongs, the rogue Nepa runs off with the curd.

When one has one' self with much labour effected an object, the advantage of which another looks for or obtains.

78. কুকুরকে নাই দিলে ঘাড়ের উপর চড়ে।

Notice a dog, and he'll leap on your neck.

Meaning that if you joke or be familiar with a mean person, his respect for you will certainly diminish.

79. কুকুরকে মুগের পথ্য।

Giving a gruel of pulse to a dog.

(A Gruel of rice and dal, is given to convales cents.)

When good things are thrown away on unworthy objects.

80. মারি তো হাতি, লুঠি তো ভাণ্ডার।

If I smite, let it be an elephant; if I rob, be it the treasury.

One should dispute only with a worthy antagonist, and aim but at honourable gains.

81. একি ছুঁচা মারিয়া হাত গন্ধান।

What! would you stink your hand by killing a musk-rat?

Spoken to deter from seeking petty gains or quarrelling with mean persons.

82. শরীরের নাম মহাশয়, যাহা সহায় তাহাই সয়।

The body's appellation is 'Bear all;' it bears what you make it bear.

A play on the word মহাশয় or gentleman, *lit. great* receptacle (of virtues, &c.) the last syllable of which rhymes with সয় *'bears or sustains.'* The proverb means, that the power of endurance is produced by the habit of enduring.

83. ভাগের মা গঙ্গা পায় না।

The mother of many never gains the Ganges.

(The sons seeking to throw the burden one on the other, which consequently is sustained by none of them.)

Intimating that what has many doers is not soon done, and that many masters ensure mismanagement.

84. আপনার নাক কাটিয়া পরের যাত্রা ভঙ্গ।

Cutting off one's own nose to impede another's journey.

The malicious man's disposition is such as to lead him to injure others, though to his own cost or disadvantage.

85. সতিনীর বাটীতে বিষ্ঠা গুলিয়া খায়।

The wife drinks filth dissolved in her co-wife's vessel.

(From a malicious wish to render it useless to her.)

Has the same application.

86. যাহার নামে উপবাস তাহার সঙ্গে প্রবাস।

Dwelling with him at whose name one fasts; (as though defiled by hearing it.)

Said when one is unavoidably engaged in affairs with a person held in universal disrepute.

87. যে যাহারে দেখিতে না পারে, সে তাহাকে হাঁটিতে খোঁড়ে।

When one cannot bear the sight of a person, he limps as the other walks, (mimicking even his gait.)

Meaning, that when a man owes another a grudge, he views even what is good in him with an evil eye, and gives it a bad turn or disadvantageous interpretation.

88. লক্ষ্মণ সা আর লক্ষ্মণ হাড়ি।

The Shah Lakhan, and Lakhan the sweeper.

When a comparison is made of a good person or thing to a bad or a mean one.

89. কাকের মুখে কৃষ্ণ কথা।

Krishna's name from a raven's mouth.

Uttered in surprise, when one known to be a fool, utters a sensible thing.

Obs. Minas and parrots, &c. are often taught to pronounce the names of Krishna and Radha.

90. দেদো জানে দেদোর মর্ম্ম।

He who suffers from ring-worm knows a fellow-sufferer's pain.

Meaning that only those who are similarly tried can enter into each other's experience.

91. উহার সঙ্গে দা কুমড়া সম্পর্ক।

Fond of him as the pumpkin of the gardener's knife!

On occasion of mutual enmity between two persons.

92. একে মাঘে জাড় পলায় না।

Winter does not pass away in a single winter.

Meaning, that it will return the succeeding year. Applied to one who, having once profited by artifice, is eagerly on the watch for a similar occasion.

93. আত্ম সুখ পর বৈরাগ্য।

Joy one's own, sorrow another's.

Spoken to or of one who can appreciate his own pleasure and gains, but enters not into the grief or losses of another.

94. ষাঁড়ের শত্রু বাঘে মারিয়াছে।

The tiger has slain the bull's foe.

When one person's enemy has been disgraced or banished through another's exertions.

95. ঘোড়ার গোয়ালে ভেড়া ঢুকিয়াছে।

The ram has entered the horse's stable.

When an ill-minded or vicious person attempts to mix with the virtuous and good, or a fool with the intelligent.

96. যেমন গুরু তেমনি চেলা।
টক ঘোল তার ছেঁদা মালা।।

Like teacher, like pupil! take up sour butter-milk with a broken cocoanut shell.

Meaning, that the companions of the vicious and unprincipled become like them : and that men choose for their associates such as resemble themselves in disposition and character ; as one uses a cracked ladle for stale butter-milk.

97. দাদার ভরসা বামে ছুরি।

Reliance on an elder brother is a knife in the left hand :
(*i. e.* attended with small result of labour or advantage from him.)

Of a person who sets himself negligently about what has been entrusted to him. To expect much from others is vain ; one must attend to one's own affairs.

98. আমার দাদার স্বাক্ষর।

Here is my elder brother's signature.

Said of one who applying to a business without judgment, would yet defend his mode of procedure by irrelevant argument, as the authority of another's judgment, &c.

99. দাদা বই আর পাইক নাই।

No messenger like my elder brother!

When there are persons properly qualified for an undertaking, who yet extol the fitness of another, and cast all the burden of it upon him.

100. কাঙ্গালের ছেলের রোঙ্গাই নাম।

The poor man's child with a fine name!

Of one in low circumstances, who apes the manners and habits of the great.

101. কাঙ্গালকে ঘোড়া রোগ ধরিয়াছে।

A grievous sickness has seized the pauper—(*i. e.* a disease not to be cured but at great cost.)

Used when a person attempts what he is not able to perform, which therefore must be unaccomplished.

102. তুমি যেন তেড়তের ফল।

You are like the fruit of the tal tree—(that, in falling off, falls far from the tree it grew on.)

Addressed to servants, &c. who are not to be found when their services are required. Also applied to one who instead of helping his neighbours and kindred, spends his patronage, &c. on those from afar, or on strangers.

103. উহার সঙ্গে প্রীতি যেন চিড়ে কাঁচকলা।

His love for him is like plantain sauce with parched rice—(which is discordant and never eaten.)

When two persons profess reciprocal good will, but at heart cherish mutual dislike.

104. গঙ্গায় সারি গেয়ে গেলে কি গঙ্গা দুষ্টা হন।

If men sing obscene songs on the Gunga, is it thereby defiled?

That is to say, if a vile person reproach a great man, the latter is uninjured, while the former's baseness is discovered.

105. এযে দেখি মেঘ চাহিতে জল।

There, just as I look out, wishing for a cloud, the rain descends!

When about to look for a person or thing required, and suddenly it presents itself : or when seeking a smaller advantage, a greater is unexpectedly met with.

106. ঘরের ভাত খাইয়া বনের মহিষ তাড়ান।

Having eaten all that was in the house, driving away the wild buffaloes!

Applied to a person's engaging in what is attended with no advantage, but occasions abundance of toil.

107. ধান ভানিতে মহীপালের গীত।

The song of the king when pounding rice—(irrelevant, and therefore out of season.)

When speaking of any subject good or bad, and a different one is introduced with which it has no connection.

108. অনভ্যাসের ফোটা কপাল্ চড় ২ করে।

The frontal mark which one is unused to bear, vexes the forehead.

Intimating that a man cannot well perform a task to which he is not habituated.

109. রামু বলেন, কামু ভায়া তুমি না কি পাগল হইয়াছ?

Ram cries, Brother Kamu, are you not become silly?

When a person worthless and corrupt himself, calls other so : like a stupid fellow deeming another a fool.

110. যেমন বুনো ওল তেমনি বাঘা তেঁতুল।

As is the wild Ol root, so is the acid tamarind—(i. e. both alike inedible.)

Used when familiarity arises or intercourse exists, between rascals of equally bad character.

111. চোরের মন বোচ্‌কার দিকে।

The thief's heart is towards the bundle.

Applied to mean that a person's mind is always intent on that of which he is in need.

112. চোরা চাহে ভাঙ্গা বেড়া।

The thief looks for a broken fence.

A rascal is always on the watch for some opportunity for perpetrating villainy.

113. চোরে ২ মাস্‌তুতো ভাই।

Thief and thief are cousins-german.

Villains love to consort with villains.

114. শিং ভেঁঙ্গে বাছুরের পালে মেশা।

The broken-horned bull mixing with the calves!

When the evil efforts of the depraved are repressed, then (making a virtue of necessity) they impose themselves upon the good as harmless and well-disposed.

115. গাদা পিটে ঘোড়া করা।

Pounding an ass to make him a horse.

The vile and senseless can never be rendered good or wise.

116. গাদা সকল পারে, কেবল ভাতের কাঠি বহিতে পারে না।

An ass can do every thing, except carry wood for the rice—(which they absurdly say this animal will not do.)

When a person expert at every thing is yet backward to perform a necessary service for his master or employer.

117. বেঁড়েকে চমরী করা।

Making a Yak (or long-tailed Tartarian cow) *of a cow without a tail.*

When from the necessity of attending to one's interests, one has to extol a vile person as eminent and worthy.

118. চোরা না শুনে ধর্ম্ম কাহিনী।

Rogues listen not to discourses on honesty.

The wicked mind not good advice or religious doctrine.

119. কুঁদের মুখে বেঁক থাকে না।

Nothing crooked stands before the turning lathe.

Meaning that if justice be duly administered, the wicked will surely be discovered and repressed.

120. বিষে বিষক্ষয়।

Poison corrects poison.

One rogue's villainy may be defeated by another's.

121. মসালচী কাণা।

A blind torch-bearer!

When a man who instructs many, and points out the path of virtue to others, is himself as to good conduct blind and undiscerning.

122. ঘরামির ঘর ছেঁদা।

The builder's house is out of repair.

When a wise and learned person is mistaken on any point : or when one busies himself in the affairs of others, while neglecting his own.

123. সাজ করিতে দোল ফুরাইল।

While tarrying to dress, they have finished the Dol—
(a festival.)

On occasion of injurious delay in a matter which demands prompt attention. Procrastination attended with loss

124. লবণ আনিতে পান্তা ফুরাইল।

He has finished his rice, while they bring him the salt.

When one has been desired to fetch an article required, who does not arrive till the time for using it is past.

125. যেন বাঘের মত রৌদ্র জ্ঞান হয়।

I feel the heat fierce as a tiger.

Said when the weather is exceedingly sultry.

126. পরের মাথায় নারিকেল ভাঙ্গা।

Breaking the cocoanut on another's head.

When one aims at his own advantage, through another's detriment.

127. ঘোল খাবেন রামকৃষ্ণ, কৌড়ি দিবেন কালু।

Ram Krishna will swallow the butter-milk, while Kalu pays the cost.

When one is involved in another's trouble, loss, or danger.

128. কানু ছাড়া কীর্ত্তন নাই।

No song without naming Kanu—(i. e. Krishna.)

To express that something, be it good or bad, is indispensable to the business in hand.

129. চোরের সঙ্গে বাদ করে ভূমিতে ভাত খাওয়া।

To contend with the thief is to eat your rice on the ground; (shutting up the vessels for fear of a theft.)

Meaning, that to indulge anger on one who may injure you, is but to trouble yourself with apprehensions of ill.

130. ইহার পাতা কাটিতে ভর সহে না।

His eagerness waits not till one fetch him a leaf.

Said of one anxious to commence upon a business in season or out of season, and without even delaying for what may be required for properly effecting it.

131. নিবড়ন ঘরে জুৎ নাই।

No adding symmetry to a finished house.

Meaning, that it is to no purpose to weigh the good or ill of what is already done or past a remedy.

132. পরের হোলা খায় দায় বনপানে চায়।

Another's cat eats and drinks with me, yet looks towards the grove—(to escape when fed.)

So, though you cherish or maintain a settled enemy, he will never become your friend.

133. হাত ছোট আঁব বড় হইয়াছে।

The hand is small and the mango large.

Of one whose means are limited, while his expenditure is constantly great.

134. জেলের পোঁদে টেনা, পাঁজারির কাণে সোণা।

On the fisherman's back a tattered cloth; in the fish-seller's ear a gold ring.

When an underling's gains are greater than his superior's.

135. সকল ব্রত করিল যশী বাঁকি আছে ভীম একাদশী।

Yashi has performed every penance, save the Bhima fast—(i. e. really none at all.)

Applied to one unskilful in every thing, who yet boasts he will do this or that; like one who has observed none of the ordinary fasts, talking of keeping that appropriated, as is the one in question, to Brahmins and their widows.

136. অরাধ্নীর হাতে পড়িয়া রুই মাছ কাঁদে।

The Rui fish grieves at falling into the hands of an unskilful cook.

Meaning that an intelligent person obtains little respect from a fool. The Rui fish is reckoned a great delicacy.

137. পরের মাথা না কাটিলে কামান শিক্ষা হয় না।

No learning the barber's trade, but by cutting other people's crowns.

When one's own gain or advantage arises only from the loss or injury of others.

138. হাসিতে ২ কপাল ব্যথা।

The head aches from laughing.

When aiming at one object, something opposite and adverse turns up unexpectedly.

139. কায সারিলে বাড়ই শালা।

When the work is done, the carpenter is a rascal!

Said when a person pays no respect to him by whose services he has benefitted, but ungratefully neglects him.

140. ইন্দুরের গোলাম চাম্‌চিকে তারে বলে ঘর নিকে।

The bat is the rat's slave! so he tells him to smear the house—(as is done daily.)

Applied when one to whom a business has been assigned, instead of doing it himself, desires another, his fellow-servant for instance, to perform it.

141. কখর সঙ্গে কোমরাকুর্মরি।

Terrible struggling with ক খ—(or the alphabet.)

A jeer upon one deficient in common reading, &c. yet pretending to high attainments.

142. পেটে আঙ্ক আস্ক গজ ২ করে।

The ঙ্ক *and* স্ক (the double letters) *rumble in his throat.*

In the same application.

143. ইনি কেবল শ্রীপঞ্চমী।

He's a mere Shri Panchami.

The fifth lunar day, dedicated to Shri or Fortune, also the goddess of learning, and on which no business or *study* is carried on. Applied to one of no information, as if he kept a perpetual Shri Panchami!

144. বেহাইর যত তৈল লবণের দুঃখ নাই, তাহা এক আঁচড়ে চেনা গেল।

How far the co-father was not pinched for oil and salt, was known at a scratch (on his rough and unoiled skin.)

(Co-father, i. e. the father of a son-in-law or daughter-in-law.)

Intimating that a person's means may be known to be narrow or otherwise by his dress and appearance.

145. কাকের বাসায় কোকিলের ছা।
জাতি স্বভাবে কাড়ে রা।।

The nightingale's young in the crow's nest utters sweet sounds by the instinct of nature.

Meaning, by a converse inference, that though a vicious person dwell with a good man, yet will not his evil nature be expelled or corrected by his advice and example.

146. যাহারে না মারি হাতে তারে কিন্তু মারি ভাতে।

Whom I smite not with the hand, I may smite through his food.

Intimating, that a rascal is to be punished not by blows, but more effectually through his gains, by cutting them off.

147. যত কুও আঁবের ক্ষয়, তাল তেতুলের কি বা হয়।

The mangoes are blighted when the fog arises : but what is that to the tal and tamarind ?

When a man does a treacherous deed towards a superior or great personage, he thereby injures himself, not him against whom his perfidy is directed.

148. কালা শুনে কাড়ার বাদ্য।
কালা বলে মোর বিয়ের বাদ্য।।

The deaf man hears the sound of the drum, and cries out, "My wedding-music !"

(His imagination assigning a meaning to what he has heard but indistinctly.)

৪৭৪। শিশু মায়ের কাছে গেলে যেমন তৃপ্ত হয়, তেমনটি অন্য কারো কাছে হয় না।

৪৭৫। নীচ মানুষ অপরিমেয় বিত্তের অধিকারী হলে ভালর শত্রুতায় লিপ্ত হয় এবং পরিণামে নিজের সর্বনাশ ডেকে আনে।

৪৭৬। যখন শ্রেষ্ঠ ব্যক্তি বা দাতা মুখাপেক্ষীদের বিরাট দান করেন অথবা আনুকূল্য করেন, অপর পক্ষে অন্যরা কিছুই লাভ করে না, যেমন বিচ্ছিন্ন মেঘ আংশিক বৃষ্টি দান করে।

৪৭৭। যখন বিখ্যাত ব্যক্তি নিজে যেটিকে গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করেন, সেটির জন্য অন্যদের সাহায্য করেন, এমনকি এজন্য নিজের সর্বস্ব দিতে প্রস্তুত থাকেন, সেই রকম ক্ষেত্রে কথিত হয়।

৪৭৮। যেটি আয়ত্ত করা গেল, সেটি যখন অন্যকে প্রদান করা হয় বলা হয়। যেমন, কারো হাত থেকে কলা পড়ে গেলে সে সেটি দেবতার উদ্দেশে উৎসর্গ করে।

৪৭৯। ব্যক্তিগত প্রয়াসে যা ছিল আয়ত্তের অতীত, কিংবা যা লাভের জন্য প্রয়োজনীয় যোগ্যতা একজনের ছিল না, আকস্মিক ভাবে যদি তা আয়ত্তে আসে, তখন বলা হয়।

৪৮০। সাহস এবং নির্ভীকতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য।

৪৮১। বহুবিধ গুণের এবং জ্ঞানের অধিকারী হওয়া সত্ত্বেও যখন দারিদ্র্য বশতঃ একজন তার ন্যায্য প্রাপ্য সম্মান ও পরিচিতি থেকে বঞ্চিত হয়।

৪৮২। একেবারে কোনো বস্তু লাভ না করা অপেক্ষা স্বতন্ত্র কোনো বস্তু অথবা নিম্নতর পদ লাভ শ্রেয়ঃ।

৪৮৩। প্রতারণা এবং প্রবঞ্চনার মাধ্যমে যে অগ্রগতির অধিকারী হয়, তার অযোগ্য কাজ শীঘ্রই ধরা পড়ে যায়।

৪৮৪। এক বিষয়ে জিজ্ঞাসা করলে যখন কেউ অন্য বিষয়ের উত্তর দেয়, অথবা যখন এক কাজে নিযুক্ত থেকে অলসভাবে অন্য কাজের সঙ্গে নিজেকে কেউ যুক্ত করে।

৪৮৫। যখন মানুষ বিবাদে লিপ্ত হয় এবং একে অন্যকে গালিগালাজ করে।

৪৮৬। ব্যাখ্যা অনুপস্থিত।

৪৮৭। পারস্পরিক শত্রুতা থেকে যখন বিরোধ বাধে বলা হয়।

৪৮৮। পূর্বের ব্যাখ্যা প্রযোজ্য।

৪৮৯। রামচন্দ্রের সঙ্গে রাবণের বা লঙ্কায় যে যুদ্ধ হয়েছিল, তাতে রামের পক্ষে ছিল বানর সৈন্য, তাই বিদ্রুপ করে কাউকে 'বানর' বলতে বলা হয় রঘুনাথের শিষ্য।

৪৯০। শিবের অনুচর ভূত, তাই কাউকে 'ভূত' বলতে ঘুরিয়ে 'শিবের অনুচর' বলা হয়।

৪৯১। ব্যাখ্যা অনুপস্থিত।

৪৯২। বুদ্ধিমান ব্যক্তিকে প্রশংসা সূত্রে এবং নির্বোধ ব্যক্তির ক্ষেত্রে ব্যঙ্গ করে বলা হয় এটি।

৪৯৩। হীন ব্যক্তিকে যতই সদুপদেশ দেওয়া হোক সে তার হীনতা ছাড়ে না, যেমন যে বার্তাবহকে জলযোগ করানোর পরও সে তার যা দেয়, তা দিতে ভোলে না।

৪৯৪। যৎসামান্য সামর্থ্যের অধিকারী হয়েও যখন কেউ নিজের উচ্চ সম্মান কিংবা জ্ঞানের বড়াই করে।

৪৯৫। হীন ব্যক্তি যখন কোনো গুরুত্বপূর্ণ কাজে যুক্ত হয়, তখন সে বিমূঢ় হয়ে পড়ে, বিপদ থেকে নিজেকে কি করে মুক্ত করবে কিংবা কি তার করণীয় তা সে ঠিক করতে অপারগ হয়।

৪৯৬। ক্ষণস্থায়ী বিষয়ের ক্ষেত্রে প্রযুক্ত হয়।

৪৯৭। জলে পানা হলে জল যেমন ব্যবহারের অনুপযুক্ত হয়ে পড়ে, পানাকে তাই জলের স্বাভাবিক শত্রু বলা হয়, তেমনি কানা ব্যক্তি ধূর্ততার গুণ বিশিষ্ট হওয়ায় শত্রু বলে বিবেচিত হয় যেহেতু তারা সবরকম সুবিধা নিতে প্রস্তুত থাকে। সমাজ এদের দ্বারা ক্ষতিগ্রস্ত হয।

৪৯৮। একই বংশোদ্ভূত হলেই সকলে সমান প্রতিভা ও গুণের অধিকারী হয় না।

৪৯৯। যে ব্যক্তিকে সহজে ভীত করা যায় না, যে সাহসী এবং প্রগলভ তার ক্ষেত্রে প্রযোজ্য।

৫০০। ব্যক্তিবিশেষ সামান্য প্রতিভার অধিকারী হয়েও যদি তার করণীয় কর্তব্য সম্পাদন করতে সমর্থ হত কিন্তু যা নাকি কখনই সম্ভব নয় —এই অর্থে প্রযুক্ত।

৫০১। যে ব্যক্তি কারো উপস্থিতিতে তার প্রতি সদিচ্ছা দেখালেও অনুপস্থিতিতে বাধার সৃষ্টি করে, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৫০২। যে কাজ সঙ্গে সঙ্গে সম্পাদন করা প্রয়োজন, সেই কাজ যখন একজনের সাজগোজ ইত্যাদির কারণে দেরী হয়, যার ফলে কাজটি সম্পাদনের সুযোগ হাতছাড়া হয়, সেই উপলক্ষ্যে কথিত হয়।

৫০৩। আর্থিক লাভের সম্ভাবনায় যখন মানুষ দুঃসাধ্য কর্মে ব্রতী হয়, বলা হয়।

৫০৪। রাজ্যে বাস করলে রাজাকে রাজস্ব দিতে হয়, তেমনি দেহ পসারিণীর শয্যা স্পর্শ করলে তার ধনলিপ্সাকে তৃপ্ত করতে তাকেও অর্থ দিতে হয়।

৫০৪। (ক) যারা ইতিমধ্যেই বিপদের সম্মুখীন, তাদের যখন নতুন মানসিক ক্লেশের উদ্ভব হয় বলা হয়।

৫০৫। সতর্ক ব্যক্তির ক্ষেত্রে চালাকি খাটে না।

৫০৬। সত্য অপরিবর্তনীয়; যা ঠিক কেউই তা অস্বীকার করতে পারে না, অথবা যথার্থ কিংবা ভালর চরিত্র পরিবর্তিত করতে পারে না।

৫০৭। নীচ পিতামাতার সন্তান যখন গুণ ও সামর্থ্যের কারণে বিখ্যাত হয় বলা হয়।

৫০৮। অনেক কষ্টে যে সম্পদ সংগৃহীত হল, তা যখন সংগ্রহকারী নিজেও ভোগ করে না, কিংবা অন্যদের মধ্যেও বণ্টন করে দেয় না, বলা হয়।

৫০৯। যে ব্যক্তি অন্যের ইচ্ছার উপর নির্ভরশীল হয়ে জীবন ধারণ করে, তাকে বলা হয়।

৫১০। অদক্ষ ব্যক্তি নিজের সামর্থ্য ব্যতিরেকে নিছক যখন পরিবেশের আনুকূল্যে সাফল্য লাভ করে বলা হয়।

৫১১। ব্যবহারের অযোগ্য উদ্ভিদ যেমন ভূমি ধ্বংসের কারণ, তেমনি পরিবারের বৃদ্ধকে অল্পবয়সী সদস্যরা শত্রু জ্ঞানে দেখে থাকে।

৫১২। যে পর্যন্ত মানুষ কিংবা জিনিষ নতুন থাকে প্রত্যেকেই গুরুত্ব দেয়, কিন্তু পুরনো হলে আর কেউই দৃষ্টি পর্যন্ত দেয় না।

৫১৩। ধনী ব্যক্তি দরিদ্র হলে তার পূর্বের মহত্ত্ব বিদ্যমান থাকে না, তবে সেই সম্পর্কিত কথা থেকে যায়, যেমন কাপড় ছিঁড়লে তা নিছক তালি দেওয়ার কাজে লাগে।

৫১৪। যাতায়াতের মাধ্যমে পারস্পরিক যোগাযোগের ফলে বন্ধুত্ব ও আত্মীয়তা বজায় থাকে, এর অন্যথায় সম্পর্কের পতন হয়।

৫১৫। যখন কোনো গৃহে উৎসবের আয়োজন হয় তখন প্রতিবেশীরা উৎসব দেখতে ভীড় করে, আর এইভাবে তাদের কাজে ক্ষতি হয়, সময় নষ্ট হয়, উপার্জন ব্যাহত হয়।

৫১৬। দক্ষিণ দিক থেকে বাতাস প্রবাহিত হলে মেঘাচ্ছন্ন আকাশ পরিষ্কার হয়, বন্যা মন্দীভূত হয়, যেমন একজন ভিক্ষুক ব্রাহ্মণ দক্ষিণা না পাওয়া পর্যন্ত অপেক্ষা করে, দক্ষিণা পেলে তবে স্থানত্যাগ করে।

৫১৭। মন্দ ব্যক্তি মন্দ ব্যক্তিরই সাহচর্যের সন্ধান করে। একই মানসিকতার মানুষের মধ্যে গভীর সম্পর্ক গড়ে ওঠে। কিন্তু তাই বলে ভাল মানুষের সঙ্গে কখনও মন্দ মানুষের বন্ধুত্বের সম্পর্ক গড়ে ওঠে না।

৫১৮। যে ব্যক্তির অন্তঃকরণ শুদ্ধ, অপবিত্রতা থেকে মুক্ত, তার কাছে সব স্থানই ঐশ্বরিক কাজের উপযুক্ত বলে বিবেচিত হয়, এরূপ ব্যক্তি সব স্থানকেই পবিত্র ধর্মক্ষেত্র বলে মনে করে।

৫১৯। মস্তক মুণ্ডন, আত্মনিগ্রহ ইত্যাদি অর্থহীন হয়ে পড়ে যদি না বাসনার নিবৃত্তি হয়; ভগবৎ উপলব্ধি ব্যতিরেকে তীর্থ থেকে তীর্থান্তরে যাত্রাও অর্থহীন হয়ে পড়ে।

৫২০। উই, ইঁদুর এবং কুজন ভিন্ন ভিন্ন উপায়ে ক্ষতি করে।

৫২১। ছুঁচের সাহায্যে ছেঁড়া কাপড় সেলাই করা যায়, সোহাগা সংযোজক পদার্থ হিসাবে কাজ করে, আর সুজন শান্তি স্থাপক।

৫২২। একের দোষে অন্যকে যখন ভর্ৎসনা করা হয়, খাদ্য ক্রয়কারীর বস্তা ছোট হওয়ায় বিক্রেতার কাছ থেকে লব্ধ শস্য সব বস্তায় না ধরায় শস্য বিক্রেতাকে সেজন্য যদি মারা হয়।

৫২৩। গালাগাল দিতে যে পটু তার ক্ষেত্রে প্রযোজ্য।

৫২৪। শয়তান এবং শঠের হাতে কোনো জিনিষের দায়িত্ব ন্যস্ত করা উপলক্ষে কথিত হয়।

৫২৫। যখন বড় কেউ বিপদে পড়ে, তখন তার পক্ষে নীচ ব্যক্তিকেও ঘৃণা করা উচিত নয়, যদি তার দ্বারা উপকৃত হবার সম্ভাবনা থাকে।

৫২৬। দুরাত্মার সঙ্গে শঠতা চলে না।

৫২৭। নারীর সম্মান হানির সম্ভাবনা তার মৃত্যুর মাধ্যমেই তিরোহিত হয়। নতুবা তার আগে পর্যন্ত তার সতীত্ব থেকে স্খলনের সম্ভাবনা থাকে।

৫২৮। ভাল কিছু দিতে মনস্থ করে যখন একে অন্যকে নিকৃষ্ট কিছু উপহার দেয় বলা হয়।

৫২৯। উপকৃত ব্যক্তি যখন উপকারীর প্রতি প্রত্যুপকার না করে তার ক্ষতি-সাধনে প্রবৃত্ত হয় তখন বলা হয়।

৫৩০। সামথ্য ব্যতিরেকেই যখন কেউ কোনো কাজে ব্রতী হয়, বলা হয়।

৫৩১। ভাল মানুষের প্রশংসা করে বলা হয়েছে যে এরা সব সময় সুখী ও সমৃদ্ধ হয়।

৫৩২। যা ইচ্ছা করা হয়েছিল তার পরিবর্তে যখন ভিন্নতর কিছু প্রাপ্তি ঘটে বলা হয়।

৫৩৩। যখন লোকালয়ের সব মানুষই নির্বোধ এবং নির্গুণ, তখন তারই মধ্যে অপেক্ষাকৃত বুদ্ধিমান ও গুণবান মানুষকে যোগ্য বলে মনে হয়, যেমন ওল অতি নিকৃষ্ট উদ্ভিদ হলেও তেমন ক্ষেত্রে তাই মূল্যবান বলে বিবেচিত হয়।

৫৩৪। যে ব্যক্তি চরম বিপর্যয় সহ্য করে কিন্তু সে তুলনায় সামান্য কারণেই যদি গভীরতর শারীরিক অথবা মানসিক ক্লেশের শিকার হয় বলা হয়।

৫৩৫। যখন এক শয়তান অন্য শয়তানের নিন্দা করে বলা হয়।

৫৩৬। কার্য সংঘটিত হবার পর ক্ষতি থেকে ত্রাণের জন্য প্রয়াস করা, যা না কি কার্য সংঘটকের পূর্বেই চিন্তা করা উচিত ছিল, সেই প্রসঙ্গে বলা হয়।

৫৩৭। যখন নীচ ব্যক্তি শয়তানের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়ে ভাল লোকের ওপর তার ক্রোধ প্রকাশ করে।

৫৩৮। পূর্বের মতন।

৫৩৯। যে ব্যক্তি সহজ কাজেই ভীত, তার সামনে অনেক বেশী দুরূহ কাজ সম্পাদনের অপেক্ষায় থাকলে কথিত হয়।

৫৪০। উচ্চ পদস্থ ব্যক্তি যদি পাপ কাজে রত হয়, তবে তার আশ্রিতজন এবং নবীন যারা তারা দ্রুত তাকে অনুকরণ করে।

৫৪১। পূর্বের ব্যাখ্যাই প্রযোজ্য।

৫৪২। নীচ কাজে রত ব্যক্তি যখন তার যোগ্যতার তুলনায় অনেক বেশি দায়িত্ব পূর্ণ কাজে রত হয়, কথিত হয়।

৫৪৩। যে সহজসাধ্য কাজ করতে অক্ষম, সে যদি দুরূহ কাজে ব্রতী হতে প্রয়াসী হয় বলা হয়।

৫৪৪। এমন শ্লাঘনীয় বিষয় যা নাকি ভাষায় উপযুক্ত ভাবে প্রকাশ করা যায় না, কিংবা এমন ক্ষতি বা অস্বাচ্ছন্দ্য যা মানুষ গোপন করতে চায়।

৫৪৫। যাকে প্রথমে খুবই চতুর বলে মনে হয়, তাকেই যাচাই করে যখন অন্যবিধ দেখা যায় তখন বলা হয়।

৫৪৬। শতেক অন্য লোকের তুলনায় একজন মাত্র ভাল লোক অথবা চতুর ব্যক্তিই কাম্য।

৫৪৭। যেখানে নীচ ব্যক্তির আধিপত্য, বুঝতে হবে সেখানে তদপেক্ষা বহুগুণে নীচ ব্যক্তিদের আধিক্য।

৫৪৮। সর্বাপেক্ষা আনন্দকর স্থানও সেই ব্যক্তিকে কোনো সুখ দিতে পারে না, যার অভাব বোধ আছে।

৫৪৯। স্বপ্ন যেমন স্পষ্টভাবে মনে করা যায় না, তেমনি কেউ যদি কোন জিনিষ পেয়েও তার প্রতি তেমন গুরুত্ব আরোপ না করে, তবে তা ঐ ব্যক্তির মনে স্থায়ী কোনো ছাপ ফেলতে পারে না।

৫৫০। যে কাজের পরিণতি অশুভ, তা করা হোক বা নাই হোক, সেক্ষেত্রে প্রযোজ্য।

৫৫১। ন্যায়ান্যায় বিবেচনা শূন্য মানুষের রীতি প্রসঙ্গে উক্ত, এরা সাময়িক ভাবে বন্ধুত্বের ভান করে, কিন্তু সুযোগ এলেই ক্ষতি করতে ইতস্তত করে না।

৫৫২। অক্ষমতার কারণে অথবা অন্যবিধ কারণে একজন এমন এক স্থানে থাকে যেখানে কিছুই প্রায় পাবার সম্ভাবনা নেই, তবু এই আশায় সে থাকে যে বৃহত্তর কিছু প্রাপ্তি ঘটবে।

৫৫৩। নেকা, বেঁকা এবং ঢলনীদের খোশামোদে প্রতারিত হওয়ার ব্যাপারে সাবধান করা হয়েছে।

৫৫৪। যে বাইরে থেকে লোক দেখানো এমন সব চিহ্ন ধারণ করে বাস্তবে যেগুলি সে মানে না অথবা এসব সম্বন্ধে সে অজ্ঞাত।

৫৫৫। যে ব্যক্তি ব্যক্তিগত লাভের তাগিদে মিথ্যা করে অন্যের ওপর যে দোষ চাপায় নিজের বেলায় সেই দোষটিকেই নির্দোষ বলে ঘোষণা করে, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৫৫৬। যা নাকি একে অল্প অল্প করে সঞ্চয় করে, তাই যদি অন্যে একসঙ্গে সংগ্রহ করার মতলব আঁটে, তখন বলা হয়।

৫৫৭। কোনো ব্যক্তি কার্য বিশেষে প্রবেশ করার আগে যখন দেখে যে সেই কার্যের সঙ্গে সংশ্লিষ্ট অনেক উপকরণই অনুপযুক্ত তখন তার দ্বারা উক্ত হয়।

৫৫৮। পূর্ব লব্ধ অভিজ্ঞতা কোন কাজের ক্ষেত্রে ভ্রান্তিপূর্ণ বলে প্রমাণিত ত হয়ই না, বরং তা সর্বদাই লাভজনক হয়।

৫৫৯। একজন যে কাজে যথার্থই পরিশ্রম করে, অন্যজন যখন অসঙ্গতভাবে পরিশ্রম ব্যতিরেকেই সেই কাজে ফললাভে প্রয়াসী হয়, বলা হয়।

৫৬০। যে ত্রুটি নিজের, সেই ত্রুটির জন্য যখন একে অন্যকে ভৎসনা করে বলা হয়।

৫৬১। হাতের কাজে যখন কেউ ভালভাবে মন দিতে পারে না, অন্যবিধ চিন্তা তাকে ঐ কাজ সম্পাদনে ব্যাঘাত সৃষ্টি করে, তখন বলা হয়।

৫৬২। কোনো ব্যাপারে যত্ন নিলে তার থেকে সুফল জোটে।

৫৬৩। যা রটে তার কিছু বটে, একেবারে ভিত্তিহীন কোন সংবাদ রটে না।

৫৬৪। সব বিতর্কেই উভয় পক্ষেরই কিছু না কিছু ত্রুটি থাকে, তাছাড়া সেই অলস ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য যে অলসভাবে কোনো কাজ অনুষ্ঠিত হওয়া দেখে আর নিজের হাত দুটিকে গুটিয়ে রেখে অপরকে হুকুম করে।

৫৬৫। যে ভরসা নিজের নেই সেই ভরসা যখন কেউ অন্যকে দেয় বলা হয়।

৫৬৬। সেই নীচ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য যে সামান্য কিছু সুবিধা লাভ করে অসঙ্গত ভাবে গর্ববোধ করে।

৫৬৭। ব্যঙ্গোক্তি, যখন বড় কেউ কোন কাজ দেখে শঙ্কিত হয় কিংবা দাম্ভিক ব্যক্তি যখন সামান্য ঠেলায় অকৃতকার্য হয়।

৫৬৮। ব্যর্থ প্রয়াসকে উপলক্ষ্য করে কথিত হয়, যে ব্যক্তি নিজে যা সংগ্রহ করতে পারে না বার্তাবহের মাধ্যমে যদি তা সংগ্রহের চেষ্টা করে সে, তখন বলা হয়।

৫৬৯। পুরনো বিরোধ জিইয়ে রাখা, অথবা আপাত মিটমাটের পর নতুন

করে বিরোধ সৃষ্টি হওয়ার ক্ষেত্রে অথবা সাময়িকভাবে মত পার্থক্যের বিরতি ঘটলে উক্ত হয়।

৫৭০। কোনো কিছু থাকা সত্ত্বেও তার সন্ধানে প্রবৃত্ত হওয়া।

৫৭১। আন্তরিক প্রয়াস যেখানে গৃহীত হয় না, সেক্ষেত্রে সন্তুষ্ট করা খুবই কঠিন।

৫৭২। যত সামান্যই হোক তবু সাধ্যমত চেষ্টা করা হলে বলা হয়, যেমন কেউ যদি অন্যের কাছে কোনো সুবিধা আদায়ের জন্য অথবা কাজ পাবার জন্য যাবার সময় নিজের নগ্নতা কাপড়ে ঢেকে যায়।

৫৭৩। বৃহৎ যদি বিপদে পড়ে নীচ এবং ভীতু লোকেরাও উল্লসিত হয় এবং অপমান করে।

৫৭৪। সামনে প্রশংসা করলেও কারো পশ্চাতে যদি অখ্যাতি রটনা করা হয় তো বলা হয়।

৫৭৫। শ্রুত বিষয়ে যদি উপযুক্ত মনোযোগ দেওয়া না হয়, কিংবা অবজ্ঞা করা হয় সেক্ষেত্রে বলা হয়।

৫৭৬। পৃথক ব্যাখ্যা অনুপস্থিত।

৫৭৭। পূর্বের ও এটি ঘৃণাপূর্ণ ও ব্যঙ্গপূর্ণ ভাবে কথিত হয়, কথিত হয় দুর্বল, ক্ষমতাহীন এবং অকিঞ্চিৎকর ব্যক্তিকে উদ্দেশ করে।

৫৭৮। শঠ এবং ভণ্ড ভক্তের ক্ষেত্রে প্রযোজ্য, বাইরে থেকে যাকে নিরপরাধ বলে মনে হয় অথচ গোপনে যে নাকি ক্ষতি করার ফন্দি আঁটে, শয়তানির মতলব করে, তার উদ্দেশে বলা হয়।

৫৭৯। সতর্ক নীরবতায় যে ক্ষতির সম্ভাবনা থাকে সেই সম্পর্কে সচেতন করে দেওয়া হলে বলা হয়।

৫৮০। মুখ্য উপাদানের অনুপস্থিতিতে যখন গৌণ উপাদানের উপস্থিতি ঘটে কথিত হয়।

৫৮১। ব্যর্থ অনুসন্ধান উপলক্ষে কথিত হয়, কিংবা যা দেওয়া একজনের পক্ষে সম্ভব নয়, তার কাছে যখন সেই জিনিষ চাওয়া হয়, বলা হয়।

৫৮২। সৎসঙ্গ গ্রহণের পরামর্শ প্রদত্ত হয়েছে, বিপরীতক্রমে অসৎ সঙ্গের ক্ষতিকর পরিণতি সম্পর্কে সাবধান করা হয়েছে।

৫৮৩। এখন প্রতিহিংসা গ্রহণে অসমর্থ হলেও ভবিষ্যতে সুযোগ মত সেই প্রতিহিংসা গ্রহণের ইচ্ছা প্রকাশ করতে কথিত হয়।

৫৮৪। যে চিকিৎসক চিকিৎসা বিদ্যায় সাফল্য অর্জন না করেও নিজেকে সুচিকিৎসক বলে জাহির করে, যে যত না রুগী সারায় তদপেক্ষা অধিক রুগী মারে, তার ক্ষেত্রে বলা হয়।

৫৮৫। যে কষ্টবোধ সম্পর্কে পূর্বের অভিজ্ঞতা ছিল না, সেই কষ্টে যখন

একজন অধৈর্য ও অস্থির হয়, এবং এই কষ্টের অভিজ্ঞতা যখন ক্রমেই বৃদ্ধি পায় বলা হয়।

৫৮৬। যে ব্যক্তি পাপ সম্পর্কে অনবহিত এবং মানসিক শক্তির অধিকারী সে যখন দোষী প্রতিবেশীর শাস্তি বিধান হতে দেখে, তার তখন কোন বিকার হয় না।

৫৮৭। বন্ধুরা যে পর্যন্ত নিজেদের মধ্যে সুসম্পর্ক ও বিশ্বস্ততা বজায় রাখে, সে পর্যন্ত উভয় পক্ষেরই অকৃত্রিম আনন্দ, কোন কিছুই তাদের নিরানন্দ করে না বা অবিশ্বাসী করে না।

৫৮৮। দাঁত একবার বেরিয়ে এলে তা আর বস্তুর মুখমধ্যে গোপন রাখা যায় না, তেমনি ক্ষমতাবান ব্যক্তির আদেশ অপরিবর্তনীয়, একবার বাক্য উচ্চারিত হলে তা আর প্রত্যাহার করা যায় না ; তাই বিবেচনা পূর্বক কথা বলতে হয়।

৫৮৯। প্রভু বা মনিবের হাতে যাকে কষ্ট বা আঘাত পেতে হয়েছে, কিংবা অধীনস্থ ব্যক্তির ব্যক্তিগত সুবিধা অসুবিধার কথা বিবেচনা না করেই যখন মনিব কোন কাজের জন্য বলেন, তখন অধীন ব্যক্তি অসন্তুষ্ট চিত্তে সেই কাজে প্রবৃত্ত হয়।

৫৯০। যখন কেউ তার কৃত অপরাধের জন্য ভর্ৎসিত হয়ে ওজুহাত দেখায় বলা হয়।

৫৯১। অন্যের দুঃখকে যখন কেউ ছোট করে দেখে বলা হয়।

৫৯২। যখন কেউ কথা দিয়ে কথা না রাখে এবং পূর্বের প্রতিশ্রুতি মত কাজ না করে কথিত হয়।

৫৯৩। দীর্ঘ দিনের প্রস্তুতি বা প্রভূত শ্রম যখন আকস্মিক ভাবে ব্যর্থ হয়।

৫৯৪। পুণ্যবান ব্যক্তিকে পাপের পথে অর্জিত সাফল্যের প্রলোভন দেখালেও তিনি সে পথ গ্রহণ করেন না।

৫৯৫। ব্যঙ্গাত্মক উক্তি, নীচ অবস্থা থেকে কেউ যদি উচ্চ অবস্থায় উন্নীত হয়, তবে তাকে উদ্ধত হতে দেখা যায়।

৫৯৬। যে ইচ্ছা পূরণ হওয়া সম্ভব, সেরূপ ইচ্ছাই পোষণ করা উচিত, অপরপক্ষে সুদূর ভবিষ্যতের সঙ্গে সংশ্লিষ্ট বিষয় থেকে প্রতিনিবৃত্ত হতে বলা হয়েছে।

৫৯৭। অবিচার এবং আশাতিরিক্ত নির্মমতা প্রসঙ্গে উক্ত।

৫৯৮। জাল, প্রতারণা অসফল হয় এবং এসব ধরা পড়লে শাস্তিলাভ ঘটে।

৫৯৯। যে ব্যক্তির সাহায্য ও আনুকূল্যের ওপর নির্ভর করা হয়েছিল, সেই যখন ক্ষতিসাধনে প্রবৃত্ত হয়, কথিত হয়।

৬০০। কাছিম যেমন ভয়ে অথবা সাহসে কখনও তার মাথা ঠেলে বের করে আবার কখনও তা ঢুকিয়ে নেয়, তেমনি নীচ ব্যক্তিও এই এক কথা

বলে আবার পরে তা অস্বীকার করে অন্য কথা বলে। অর্থাৎ তার কথায় স্ববিরোধিতা লক্ষিত হয়।

৬০১। বালির বাঁধ এবং শঠ ব্যক্তির প্রীতি দুইই অনিশ্চিত এবং দ্রুত বিলীয়মান।

৬০২। ঋণী ব্যক্তি তার ইচ্ছার বিরুদ্ধে ধনদাতার আদেশে অন্যায় কর্মে প্রবৃত্ত হতে বাধ্য হয়।

৬০৩। অপরিমেয় ইচ্ছা এবং কামুকতা থেকে নিবৃত্ত থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

৬০৪। ক্ষুদ্র অথচ নিশ্চিতলাভ, অনিশ্চিত অথবা সাময়িক বড় লাভের থেকে কাম্য, নিকৃষ্ট বস্তু যদি নিয়মিত লভ্য হয় তবে তাই প্রার্থিত হওয়া উচিত।

৬০৫। পরিবারের বিভিন্ন সদস্যের প্রসঙ্গে বলা হয়েছে যে এদের কেউ পরিশ্রম করে আবার অন্যরা শুধুই ফলভোগ করে।

৬০৬। একজন যেমন চারিত্রিক নষ্টামি এবং অপবিত্রতায় খুশী হয় তেমনি আর একজন দৈহিক অপরিচ্ছন্নতা ও কদর্যতায় প্রীত হয়।

৬০৭। বিখ্যাত ব্যক্তির কাজে যদি সামান্য লাভ হয় তবু তাই শ্রেয়ঃ, নীচ ব্যক্তির কাজে যদি সে তুলনায় অধিকতর লাভ এবং সম্মান লাভ ঘটে তবু তা করা উচিত নয়।

৬০৮। রাজকীয় ক্ষমতাও সমবেত শক্তির কাছে সঙ্কুচিত হয়, তাছাড়া সমবেত প্রয়াসে যে কোনও কঠিন কাজই সম্পন্ন হতে পারে।

৬০৯। দুঃখের উৎস হ'ল ব্যর্থ বাসনা, যা মানসিক স্থৈর্যকে বিনষ্ট করে তাকে নিবৃত্ত করা বাঞ্ছনীয়।

৬১০. বিপর্যয়ে যে ভেঙ্গে পড়ে, সে দ্রুত নিঃশেষিত হয়, অপর পক্ষে সহিষ্ণুতা মানুষকে ক্ষতিকারক ও শোচনীয় নৈরাশ্য থেকে রক্ষা করে।

৬১১। অন্যদের মধ্যে বিরোধের বীজ বপন করে যে নিজের স্বার্থসিদ্ধি করে।

৬১২। পরিশ্রম এবং ভোগের ক্ষেত্রে ঐক্যকে প্রশংসা করা হয়েছে, পরিবার-ভুক্ত সকলেই যেমন শ্রম করবে তেমনি সকলেই সামগ্রিকভাবে স্বাচ্ছন্দ্যের অধিকারী হবে।

৬১৩। নীচ ব্যক্তিকে সংশোধনের ব্যর্থ প্রয়াস করে মানুষ শেষে নিজেকে সেই প্রয়াস থেকে বিরত রাখে।

৬১৪। যে ব্যক্তি অর্থের গর্বে অন্যকে চড়া এবং অবজ্ঞাসূচক কথা বলে।

৬১৫। ব্যক্তির নিজস্ব বাহুবলকে প্রশংসা করা হয়েছে, বলা হয়েছে অন্যদের সহায়তার তুলনায় নিজের বাহুবলই নিজের কাজে বেশি ফলপ্রদ।

৬১৬। অর্থই হ'ল সর্বক্ষেত্রে কর্মক্ষম, অর্থের মত কোন-বন্ধু নেই।

৬১৭। চরম আলস্য এবং দারিদ্র্যকে ইঙ্গিত করা হয়েছে।

৬১৮। ধনী ব্যক্তি তার দরিদ্র প্রতিবেশীর ওপর প্রভুত্ব করে, তাকে ভর্ৎসনা করে অপরদিকে দরিদ্র প্রতিবেশী কোমলভাবে ক্ষতিকারক অপবাদের উত্তর দেয় অথবা ভদ্রভাবে ধনীর ঔদ্ধত্যকে বাধাদান করে।।

৬১৯। অন্যের ত্রুটি যখন আর একজনের ওপর মিথ্যা করে চাপিয়ে দেওয়া হয়, তখন বলা হয়।

৬২০। লাভের আশায় সকলেই উদ্দীপিত হয়, এমনকি সর্বাপেক্ষা সম্মানিত ব্যক্তিও বিত্তবান ব্যক্তির আনুকূল্য লাভের চেষ্টা করে, যদি সেই বিত্তবান ব্যক্তি নীচ বংশোদ্ভূত হয়ও।।

৬২১। অত্যন্ত নিন্দনীয় ব্যক্তি যেক্ষেত্রে সামান্য শাস্তি পায়, অথচ তুচ্ছ অপরাধে অপরাধী ব্যক্তি সাঙ্ঘাতিক শাস্তি ভোগ করে কিংবা যখন ধনী ব্যক্তিকে তার সম্পদের অংশ বিশেষ দেওয়ার জন্য ভীতি প্রদর্শন করা হয়, তখন কথিত হয়।

৬২২। যখন কেউ বিচক্ষণতার সঙ্গে তাকে খোলাখুলি আক্রমণের পূর্বেই আক্রমণকারীর আক্রমণের পথকে প্রতিহত করে।

৬২৩। যখন কেউ কোনো কাজে উদ্যোগী হবার সময় নিজেকেই অসম্ভব সব আশ্বাস দেয়, কিংবা নিজের দ্রুততা অথবা অনবধানতার ফলে যখন কোন ত্রুটি হয়, বলা হয়।

৬২৪। বিদ্বেষ পরায়ণ মতলববাজের গোপন তথ্য যখন ফাঁস হয়ে যায় এবং সাধারণের আলোচ্য বিষয় হয় তখন স্বভাবতঃই ঐ ব্যক্তির সংশয় ও নৈরাশ্যের উদ্রেক হয়।

৬২৫। চলমান মেঘ যেমন ক্ষণিকের ছায়া দিয়ে দ্রুত অপসৃত হয়, তেমনি যা ক্ষণস্থায়ী এবং নিশ্চিত সেই সম্পর্কে প্রযোজ্য।

৬২৬। যখন কেউ তার অসামর্থ্যকে মিথ্যা ওজুহাতে ঢাকা দিতে চেষ্টা করে বলা হয়।

৬২৭। বয়সকালে যখন কেউ পড়াশুনায় ব্রতী হয়, সেক্ষেত্রে বলা হয়।

৬২৮। যখন কেউ তার কাজের উপযুক্ত হয় কথিত হয়।

৬২৯। পূর্বের মতই, তাছাড়া যে নাকি নীচ হয়েও, সামর্থ্যহীন হওয়া সত্ত্বেও দুরূহ কার্যে ব্রতী হয়।

৬৩০। একটিমাত্র গুণকে আশ্রয় করে যদি কেউ নানাবিধ কর্মে ব্রতী হয়, স্বভাবতই তার সব প্রয়াসই অসম্পূর্ণ থেকে যায়।

৬৩১। সামর্থ্যে হীন হয়েও যে পোশাকে ও অলঙ্কারে নিজেকে জাহির করতে চায়।

৬৩২। একবার এক চোর চুরি করার জন্য ছাদ থেকে নামছিল, তখন

গৃহকর্তা তাকে চালাকি করে প্রতারিত করে। চোরটির ঝুলন্ত শিকা আর পাওয়া হয় না। সে এরপর দ্রুত পালাতে গেলে গৃহস্বামী জানায় যে চোরটি একটি নৌকা ছাড়া গৃহের বাইরের গড় অতিক্রম করতে পারবেনা।

৬৩৩। বাইরে থেকে যে নিজেকে ধার্মিক বলে প্রতিপন্ন করলেও ভেতরে ভেতরে কামুক ও নীতিভ্রষ্ট, তার ক্ষেত্রে প্রযোজ্য, যে নিজে দোষী হয়ে অন্যদের ভৎর্সনা করে তার ক্ষেত্রেও প্রযোজ্য।

৬৩৪। যে নিজে সব দিক দিয়ে নীচ হয়েও প্রতিবেশীদের নিন্দায় মুখর।

৬৩৫। যোগ্যতা ব্যতিরেকে যদি কেউ কোন কাজ করার ব্যর্থ প্রয়াস করে, তখন বলা হয়।

৬৩৬। পাপিষ্ঠ এবং অত্যাচারীর উদ্দেশে কথিত হয়।

৬৩৭। যখন কর্মচারী এবং অন্যান্যরা উপযুক্ত পারিশ্রমিক না পান বলা হয়।

৬৩৮। সুসজ্জিত বোকা কিংবা সুদর্শন নির্বোধকে বলা হয়।

৬৩৯। যখন ক্ষুদ্র ব্যক্তির অপরিমেয় আশা ব্যর্থ হয়, আমাদের অর্জিত সম্পদ যত না আমাদের পরিশ্রম দ্বারা নিয়ন্ত্রিত হয় তদপেক্ষা অধিক নিয়ন্ত্রিত হয় আমাদের প্রতিভার দ্বারা।

৬৪০। যখন কোনো উপায়েই শয়তানকে তাড়ান সম্ভব হয় না, তখন উপযুক্ত শাস্তি প্রদান সেক্ষেত্রে কার্যকরী হয়।

৬৪১। নিন্দনীয় কাজের ক্ষেত্রে ভৎর্সনা করার জন্য বলা হয়।

৬৪২। নীচ ব্যক্তি যখন বড় কোন কাজ গ্রহণ করে, ভবিষ্যৎবাণী করা হয় পরিণতিতে তার কোন ক্ষতি হবে।

৬৪৩। যেখানে উপকার লাভ সর্বদাই বিরল, সেক্ষেত্রে সামান্য কিছু সুযোগ লাভ ঘটলে বলা হয়।

৬৪৪। যখন আপনজন শত্রু হয় এবং যাদের উপকার করার কথা, তারা যখন ক্ষতিকারক হয়, বলা হয়।

৬৪৫। দুর্ভাগ্য প্রতিরোধে যখন কেউ ভ্রান্ত প্রয়াস করে, কথিত হয়।

৬৪৬। যে ব্যক্তি তার ভৃত্যের সততায় উচ্ছ্বসিত তাকে স্মরণ করিয়ে দেওয়া হয়েছে যে মনিবের সাক্ষাতে ভৃত্য সৎ থাকলেও তার অসাক্ষাতে সে অসৎ।

৬৪৭। অর্থ বিনিময় কারীরা প্রকৃতিগত ভাবে হীন, তাই এদের সঙ্গে বন্ধুত্ব করার অর্থ ক্ষতির সম্মুখীন হওয়া।

৬৪৮। যখন কোন ব্যক্তির কাছে এক আগন্তুক কোন কিছুর প্রার্থনা নিয়ে হাজির হয়, তখন তার কাছে যদি তার বন্ধু অথবা আত্মীয় একই ব্যাপারে প্রার্থী হয়, সেক্ষেত্রে শেষোক্তরাই অধিক গুরুত্ব পায়।

৬৪৯। যে পাপাচারী তার ন্যায্য শাস্তি লাভ থেকে মুক্ত হতে হীন প্রার্থনা জানায়।

৬৫০। যে নাকি প্রকৃত প্রয়োজনীয় বস্তুর ক্ষেত্রে অভাবী হয়েও গৃহসজ্জা করে।

৬৫১। বিরক্তিকর উক্তি, যার আচরণ চরম অনির্দিষ্ট এবং নৈতিক দিয়ে যে দূষিত, তার প্রসঙ্গে বলা হয়।

৬৫২। স্বনির্ভর নির্বোধের উদ্দেশে উক্ত হয় যে নাকি নিজের সামর্থ্যের নিজেই প্রশংসা করে।

৬৫৩। অসন্তুষ্ট ব্যক্তির আক্ষেপ, আমন্ত্রিত হয়ে যখন যৎসামান্য খাদ্য ও পানীয় লাভ হয়, বিশেষতঃ নীচব্যক্তি যখন ধনী ব্যক্তিকে অত্যন্ত খারাপ খাদ্য খেতে দেয়, কিংবা প্রভূত পরিশ্রমের পর যখন কেউ সামান্য একটি কাজ সম্পাদনে ব্যর্থ হয়, তখন বলা হয়।

৬৫৪। প্রভূত সামর্থ্যের অধিকারী হওয়া সত্ত্বেও কেউ যখন নিজের জন্যও প্রয়োজনীয় ব্যয় করেনা, তখন বলা হয়।

৬৫৫। নিকৃষ্ট হয়েও যে নাকি অন্যের সহায়তায় শক্তিশালীর বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত হয়, সেক্ষেত্রে কথিত হয়।

৬৫৬। স্ত্রীলোকের স্বামী যদি ধনবান ও ক্ষমতাবান হয় তবে সেই স্ত্রীলোক ধর্মপথ থেকে বিচ্যুত হলেও অব্যাহতি লাভ করে, শুধু তাই নয়, পবিত্র বলেও স্বীকৃতি পায়।

৬৫৭। যখন কেউ কৃপণের কাছ থেকে ভিক্ষা বা উপহার দ্রব্য কিছু আদায় করে, কথিত হয়।

৬৫৮। কেউ যখন বন্ধু অথবা আত্মীয়ের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেনা, কিংবা নির্দেশ বা উপদেশেও কোন গুরুত্ব দেয় না, বলা হয়।

৬৫৯। কেউ যখন অন্যের দ্বারা নিযুক্ত বা আদিষ্ট না হয়েও নিজের শখ চরিতার্থ করতে নিজের পরিশ্রমকে নষ্ট করে, বলা হয়।

৬৬০। একক কাজ করার যার সামর্থ্য নেই, সে যখন বহুবিধ কাজ করার বাস্তব প্রয়াস করে, বলা হয়।

৬৬১। যে ব্যক্তি সম্মানিত ব্যক্তির অনুরোধকে অগ্রাহ্য করেছে, তার কাছে যখন কোনো হীন ব্যক্তি কিছুর প্রার্থনা জানায় বলা হয়।

৬৬২। অবজ্ঞাত হয়েও যখন কেউ অন্যের অভীষ্ট সাধক হয় এবং তার ডাকে উপস্থিত হয়, কথিত হয়।

৬৬৩। সামান্য দোষেই যে অতিশয় নির্মমতা দেখায়, সেক্ষেত্রে উক্ত হয়।

৬৬৪। ভৃত্য ও বন্দোবস্তকারীর বিচার বোধের অভাবে এবং স্বাতন্ত্র্যে যখন কারো বিরাট ক্ষতি হয় বলা হয়।

৬৬৫। সম্মানিত ব্যক্তি সাধারণ পোশাকে থাকলেও সম্মান লাভ করে।

৬৬৬। প্রিয় পাত্র দূরে গেলেও অধিকতর শ্রদ্ধা পায়, যেক্ষেত্রে যাকে তেমন গুরুত্ব দেওয়া হয় না, তেমন ব্যক্তি চোখের সামনে থেকেও অনুরূপ সম্মান লাভে বঞ্চিত হয়।

৬৬৭। একদা কারো দ্বারা কেউ বহুল পরিমাণে উপকৃত হয়ে পরে যদি তার দ্বারাই অবজ্ঞাত হয়, এবং উপকৃত ব্যক্তির যদি দ্বিতীয় কোনো নির্ভরতা না থাকে, সেক্ষেত্রে কথিত হয়।

৬৬৮। যে কাজের শুরুতে পরিশ্রম যুক্ত হলেও পরে অবহেলার কারণে তা বিনষ্ট হয়, সেক্ষেত্রে কথিত হয়।

৬৬৯। যখন কারো ভৃত্যারা এবং অধীনস্থ সকলেই দক্ষ এবং সুপরিচালিত হয়, বলা হয়।

৬৭০। বৃহত্তর আশা যখন সাংঘাতিকভাবে ব্যর্থ হয়, কথিত হয়।

৬৭১। বিরাট তোড়জোড়ের ফলশ্রুতি যখন অকিঞ্চিৎকর হয়, বলা হয়।

৬৭২। যে ব্যক্তি নিজে অযত্নবান অথবা খাদ্য সংগ্রহে অসমর্থ, সে যখন তার ভৃত্যদের এবং পরিবারের লোকদের অনিয়মিত এবং অপরিমিত খাদ্য সরবরাহের জন্য ভর্ৎসনা করে, বলা হয়।

৬৭৩। বহুবিধ আশা পূরণে যৎকিঞ্চিৎ সামর্থ্যের প্রসঙ্গে উক্ত হয়।

৬৭৪। নীচ ব্যক্তি যখন উচ্চতর সাধ চরিতার্থতায় ব্যর্থকাম হয়, বলা হয়।

৬৭৫। একজন গুরুত্বপূর্ণ লাভ করার পরও আরও কিছু লাভের আশায় যখন থাকে, বলা হয়।

৬৭৬। দরিদ্র এবং নীচ ব্যক্তি যখন তার অবস্থা এবং পরিবেশের পরিপ্রেক্ষিতে অসঙ্গত কিছু যাচঞা করে, বলা হয়।

৬৭৭। সামান্য সামর্থ্যের অধিকারী হয়েও কেউ যখন বড়লোকী চাল দেখায়, কথিত হয়।

৬৭৮। যে দরিদ্র ব্যক্তি দারিদ্র্য এবং দুঃখের মধ্যে থেকেও ব্যঙ্গ এবং মজায় মদত দেয়, তার প্রসঙ্গে উক্ত হয়।

৬৭৯। যার উপযুক্ত সম্মান লাভ উচিত, তাকে বঞ্চিত করে কেউ যখন অযোগ্য ব্যক্তিকে সম্মান দেখায়, সেক্ষেত্রে বলা হয়।

৬৮০। উত্তম ব্যক্তি যখন ধর্মপথে দৃঢ় পদক্ষেপে বিচরণ করেন, কথিত হয়।

৬৮১। কেউ যখন বিরক্তিকর কাজ কিংবা নীচ ব্যক্তির কাছ থেকে রেহাই পায়, বলা হয়।

৬৮২। যে ব্যক্তি তার ভৃত্যদের যৎসামান্য বেতন দেয় অথচ তাদের সামান্য অপরাধে গুরুতর শাস্তিদান করে।

৬৮৩। সীমিত সামর্থ্য নিয়েও অনুগতদের ওপর যে আদেশ ফলায়, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৬৮৪। ক্ষমতা না থাকলেও প্রতি কাজেই যে নাকি তার নাক গলাতে চায়।

৬৮৫। জ্ঞান কিংবা সামর্থ্য ব্যতিরেকেও যে নাকি গুরুত্বপূর্ণ।

৬৮৬। যাদের প্রভূত উপকার করা হয়েছে, তাদের কাছ থেকেই যখন সম্মান, ভালবাসা, কৃতজ্ঞতা ইত্যাদি পাওয়া যায় না, কথিত হয়।

৬৮৭। পরিবারের সদস্যদের যখন আনুগত্যের অভাব দেখা যায়, দেখা যায় গর্বিত আচরণ, তখন কথিত হয়।

৬৮৮। কোনো কাজের জন্য যখন একজনের ব্যক্তিগত আকৃতি এবং সামর্থ্য দুইই অনুপযুক্ত দেখা যায়, বলা হয়।

৬৮৯। ছোট মুখে যখন বড় কথা শোনা যায় কিংবা নীচ ব্যক্তি যদি অহংকারের ভান করে, বলা হয়।

৬৯০। হীন ব্যক্তি যখন মহতের আচরণের অবাস্তব অনুকরণ করে।

৬৯১। সামান্য দেয় বস্তুর জন্য যখন অসংখ্য প্রার্থীর সমাবেশ ঘটে, কথিত হয়।

৬৯২। যে শ্রমের কোনো ফল লাভ ঘটবেনা, এমন শ্রমের প্রসঙ্গে উক্ত হয়।

৬৯৩। দরিদ্রের ওপর বড় বোঝা চাপালে বলা হয়।

৬৯৪। নীচ এবং সাধারণ মানুষ যখন সুন্দর পোশাক এবং অলঙ্কারে ভূষিত হয়।

৬৯৫। একইভাবে বৃত্তি যার নীচ, অথচ নিজেকে সম্মানিত বলে জাহির করতে প্রয়াসী।

৬৯৬। ক্রয় ক্ষমতা ব্যতিরেকেই যে মহার্ঘ বস্তু ক্রয়ে ইচ্ছুক।

৬৯৭। উপযুক্ত যোগ্যতা ব্যতিরেকেই যে কোন কিছুর জন্য ব্যর্থ প্রয়াস করে।

৬৯৮। শঠ লোকের প্রতারণাপূর্ণ বক্তব্যে বিশ্বাস না করার পরামর্শ প্রদত্ত হয়েছে।

৬৯৯। বোকার সঙ্গে ঘনিষ্ঠতা করার ব্যাপারে সতর্ক করা হয়েছে, কারণ সে যদি ভাল করতে চায়ও তবু তার বাস্তব প্রয়াস তার অভিপ্রায়ের সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে না।

৭০০। যে ব্যক্তি ধনলিপ্সায় এমন একজনের কাছে করুণা যাচঞা করে, যার সঙ্গে তার না আছে ঘনিষ্ঠতা, না আছে কোনো সম্পর্ক।

৭০১। যখন কোনো ভারী জিনিষকে পাছে তার আরও ওজন বাড়ে এই শঙ্কায় মোড়া না হয়, তখন বলা হয়।

৭০২। যখন অতি সাধারণ মানুষ অসাধারণ কাজ সম্পন্ন করে তখন উক্ত হয়।

৭০৩। যার সম্পর্কে সুখ্যাতি করা হল যখন দেখা গেল তার সবটাই মিথ্যা, কিংবা যে প্রয়াসের আনুকূল্য করা সত্ত্বেও তা ব্যর্থ হয় সেই প্রসঙ্গে কথিত হয়।

৭০৪। অজ্ঞ ব্যক্তি যখন অসঙ্গত ভুল করে এবং শর্তের ভ্রান্ত প্রয়োগ ঘটায় তখন কথিত হয়।

৭০৫। যে নির্বোধকে তার প্রজ্ঞার জন্য প্রশংসা করা হ'ল, প্রকৃতপক্ষে সে যদি তার সেই প্রজ্ঞা বিশেষ ক্ষেত্রে প্রয়োগ করত, তবে অন্যদের আর ক্ষতি নিবারণে এগিয়ে আসতে হত না।

৭০৬। যে ব্যক্তির স্ত্রী অথবা সন্তানাদি নেই, পুরোপুরিভাবে পার্থিব বিষয়ে ভারাক্রান্ত নয়, তবু সর্ববিধ ধর্মীয় আচরণাদিকে অবজ্ঞা করে, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭০৭। যে ব্যক্তি সাংঘাতিক কোন অপরাধ করেছে, তাকে ভয় দেখাতে বলা হয়।

৭০৮। যে কুৎসিত অথবা অনভিজ্ঞ তাকে ব্যঙ্গ করে বলা হয়।

৭০৯। ভক্ত যেমন তার নৈবেদ্যকে পাঁচটি ভাগ করে বেদীতে স্থাপন করে, তেমনি মিতব্যয়ী ব্যক্তি তার অতিথিদের আতিথ্য প্রদর্শন করে একটি মাত্র খাবারের পাত্র দিয়ে।

৭১০। যাদের কাছে কিছু গোপন করা অর্থহীন, যখন তাদেরই কাছে গোপন করার চেষ্টা করা হয়, বলা হয়।

৭১১। দারিদ্র্যের জ্বালায় যখন একজন তার পরিত্রাণের জন্য ভ্রান্ত পথ অবলম্বন করে, কথিত হয়।

৭১২। সম্পন্ন ব্যক্তি যখন বিনা আয়াসে লক্ষ্যে উপনীত হয়, কথিত হয়।

৭১৩। একজনকে কোনো কাজে নিছক শারীরিক পরিশ্রম করার জন্য যখন অসঙ্গত ভাবে প্রশংসা করা হয়, বলা হয়।

৭১৪। উপদেশ কিংবা বিধিসঙ্গত ক্ষমতা অগ্রাহ্যকারী একগুঁয়ে ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য।

৭১৫। যে ব্যক্তি বয়স্কদের অভিজ্ঞতাপ্রসূত উপদেশ অগ্রাহ্য করায় স্বেচ্ছা-চারিতার ফলে অনভিপ্রেত পরিণামের অধিকারী হয় তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭১৬। যে ব্যক্তি অতিশয় স্বার্থপর এবং নিষ্ঠুর, অন্যদের প্রাপ্য থেকে বঞ্চিত করে এবং শঠতার সাহায্যে নিজের স্বার্থ সিদ্ধি করে।

৭১৭। যে কাজ অথবা বস্তুর তুলনায় সেই কাজের জন্য যা প্রাসঙ্গিক বা শ্রম অধিকতর অবাঞ্ছিত হয় বা অধিকতর কঠিন হয়, তখন উক্ত হয়।

৭১৮। বিপর্যয়ের সম্মুখীন ব্যক্তিকে যখন হাল্কাভাবে সহানুভূতিশূন্য অবস্থায় তার বিপর্যয় সম্পর্কে প্রশ্ন করা হয়, তখন বলা হয়।

৭১৯। যখন কেউ অন্যকে গুরুতর শাস্তিদানের পরিকল্পনা করা সত্ত্বেও নিজের বুদ্ধির দোষে ব্যর্থকাম হয়, তখন প্রযুক্ত হয়।

৭২০। যে ব্যক্তি শ্রমবিমুখতার জন্য গৃহ এবং চাকরী ত্যাগ করে, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭২১। রসিক ও আমুদে বৃদ্ধের প্রসঙ্গে উক্ত হয়।

৭২২। যে হীন ব্যক্তি অনুচিত পরিণতির কথা ভাবে।

৭২৩। নিকৃষ্ট ব্যক্তিদের সামান্য ঔদ্ধত্যে যে সম্মানিত ব্যক্তিত্ব ক্রুদ্ধ হয় না, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭২৪। যে ব্যক্তি তার পরিবারের পক্ষে আপদস্বরূপ, অপব পক্ষে পরিবারের সদস্যরা যার কাছে আপদ, যাদের সে যত না উপকার করে, তার থেকে বেশি ক্ষতি করে, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭২৫। অপরিষ্কৃতা, বিরাগজনক, অমনোযোগী অকেজো নারীর ক্ষেত্রে প্রযোজ্য।

৭২৬। কেউ যখন অন্যের বক্তব্যের বা তর্কের উপযুক্ত এবং শীঘ্র জবাব দেয়, বলা হয়।

৭২৭। যে ব্যক্তি অবিজ্ঞোচিত ভাবে এমন প্রসঙ্গের অবতারণা করে, যা তারই সুনামে কলঙ্ক রটায়, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭২৮। প্রতিকূল অবস্থায় কোন কিছুর সাহায্য অথবা আনুকূল্য প্রার্থনা করবে কিনা কেউ জানতে চাইলে তার জবাবে বলা হয়।

৭২৯। সঙ্গত কারণ ব্যতিরেকে যখন একে অন্যকে দোষী সাব্যস্ত করে, ভর্ৎসনা করে, তখন যাকে করা হয় সে বলে।

৭৩০। মন্দ কাজের আকস্মিক এবং উপযুক্ত শাস্তিলাভে প্রত্যক্ষদর্শীর প্রতিক্রিয়া স্বরূপ কথিত হয়।

৭৩১। অভাবের তাড়নায় কেউ যখন ধনী আত্মীয় বাড়ী উপস্থিত হয়ে ত্রাণ কিংবা দয়া কিছুই পায় না তখন বলা হয়।

৭৩২। স্ত্রীলোকের ঘৃণাপূর্ণ উক্তি, যখন নিকট আত্মীয়ের সামনে দূর-সম্পর্কের কেউ আত্মীয়টির সঙ্গে বন্ধুত্বের ভান করে স্ত্রীলোকটির সঙ্গে বিবাদে লিপ্ত হয়।

৭৩৩। পিতামাতার জীবদ্দশায় ছেলেরা উপযুক্ত সম্মান এবং আনুগত্য না দেখিয়ে বিপুল অর্থব্যয়ে যখন তাদের পারলৌকিক ক্রিয়া সম্পন্ন করে, বলা হয়।

৭৩৪। যে ব্যক্তি মিথ্যা বন্ধুর পাল্লায় পড়ে এবং ঐ বন্ধুর প্রতি যদিও তার গভীরতম ভালবাসা এবং বলিষ্ঠ বন্ধন থাকে, তথাপি তার কোনো নিরাপত্তা থাকে না।

৭৩৫। কৃপণ ব্যক্তির পরিণাম হ'ল সে কঠিন পরিশ্রম করে স্বার্থপরতার মাধ্যমে যে অর্থ সঞ্চয় করে, এবং যে অর্থ ব্যয়ের কথায় সে সঙ্কুচিত হয়, শেষ পর্যন্ত তা আর তার ভোগে লাগেনা, অন্যরা ভোগ করে।

৭৩৬। ক্ষমতার তুলনায় সাধারণ মানুষের ইচ্ছা যদি অসাধারণ হয়, বলা হয়।

৭৩৭। অপ্রাপনীয় দ্রব্যের আশাকে প্রশ্রয় দান করা প্রসঙ্গে তিরস্কার করা হয়েছে।

৭৩৮। কৃত্রিমতা এবং শঠতার দ্বারা যখন কেউ লাভ করে এবং অপরিচিতের কাছ থেকে আনুকূল্য পায়, বলা হয়।

৭৩৯। অর্জিত সম্পদ অন্যদের শঠতার কারণে হাতছাড়া হবার পর যখন হতভাগ্য ব্যক্তি সম্পদ লাভের আশায় নতুন কোনো প্রয়াসে নিযুক্ত হয়, বলা হয়।

৭৪০। আন্তরিকতা শূন্য ব্যক্তি এবং প্রবঞ্চকের সঙ্গে ঘনিষ্ট এবং গোপন সম্পর্ক স্থাপনের ব্যাপারে সাবধান করা হয়োছ।

৭৪১। কাংস্যকারের মৃগয়ার আনন্দে প্রশ্রয় দান যেমন অনুচিত, তেমনি অনুচিত সামর্থ্যহীন হয়েও বিখ্যাত এবং ধনীব্যক্তিদের রীতিনীতি অনুকরণ করা।

৭৪২। কোনকিছুর জন্য অনুরোধ করতে গিয়ে লজ্জাবোধ করা এবং ইতস্তত করার ক্ষেত্রে প্রযোজ্য।

৭৪৩। পুণ্য পাপকে সহ্য করে না, কিন্তু পাপিষ্ট এবং লম্পটের মধ্যে আদর্শ মিল হয়, দুই শয়তানের মধ্যেকার বন্ধুত্বে তাই আশ্চর্য হবার কিছুই নেই।

৭৪৪। যশের উপযুক্ত নয় যে, সে যখন কথা দেয়, তখন তা বিশ্বাস করা হয় না।

৭৪৫। অবিমৃষ্যকারী ব্যক্তি কি পরিমাণ স্বর্ণ কিংবা অন্যান্য মূল্যবান দ্রব্যাদি লাভ করেছে তার হিসাব বিস্মৃত হওয়ায় প্রদানকারীর কাছে অনুসন্ধানের জন্যে ছোটে।

৭৪৬। সম্পদের অধিকারী হলে তার পক্ষে কোনো কিছুই অলভ্য থাকে না তা সে যতই অসম্ভব, অপ্রাপনীয় কিংবা দুর্লভ হোক।

৭৪৭। যখন কোন ব্যক্তি প্রভূত সম্পদ লাভের পর, গৃহাদি নির্মাণ করে আকস্মিকভাবে মারা যায় অথবা যাদের সাহায্যে উপকৃত হবার কথা যখন সেই প্রাপ্য উপকার লাভ থেকে বঞ্চিত হতে হয়, তখন সেই নিঃসঙ্গ অসহায় অবস্থার পরিপ্রেক্ষিতে উচ্চারিত হয়।

৭৪৮। অমনোযোগীর অনবধানতা এবং অস্থির ভ্রম প্রসঙ্গে উক্ত হয়।

৭৪৯। যা অলভ্য তা লাভের মিথ্যা আশা প্রসঙ্গে কথিত হয়।

৭৫০। যাদের সুনাম আছে এবং যারা অন্যের অনুমোদন লাভের সৌভাগ্য অর্জন করেছে, তাদের সব অভিপ্রায়ই বাস্তবায়িত হয়।

৭৫১। যা সহজেই এবং সরল উপায়ে সম্পাদিত হতে পারে, সেজন্য যখন অকারণ কঠিন শ্রম করা হয়, বলা হয়।

৭৫২। বৃদ্ধা ব্যক্তির অলঙ্কারে সজ্জিত হওয়া উপলক্ষ্যে কথিত হয়।

৭৫৩। সামর্থ্য এবং অবস্থা না থাকা সত্ত্বেও যখন কেউ পোশাকের ও জাঁকজমকের আয়োজন করে, বলা হয়।

৭৫৪। কালে ভদ্রে আসা আগন্তুকদের সঙ্গে যখন ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করা হয়, বলা হয়।

৭৫৫। স্ত্রী যেমন স্বামীর ওপর আধিপত্য বিস্তার করে, একজন যখন অন্যের ওপর তেমনি তার শক্তিশালী প্রভাব খাটায় তখন বলা হয়।

৭৫৬। বাদী এবং বিবাদী উভয়ের শুভাকাঙ্ক্ষী রূপে উভয়কে পরামর্শ ও সাহায্য দানের ছলনায় একজন যখন চালাকি করে নিজের স্বার্থ সিদ্ধি করে নেয়, তখন কথিত হয়।

৭৫৭। যাদের আনুকূল্য যাচ্ঞা করা হয়েছে, তাদের মহিলা প্রভাবে প্রভাবিত করে লক্ষ্যে উপনীত হবার পরামর্শ দান করা হয়েছে। তাছাড়া পার্থিব আসক্তি কিংবা ভালবাসার আনন্দ থেকে বিরত থেকেও যারা ধর্মীয় প্রয়াসে অসমর্থ, তাদের ক্ষেত্রেও এটি প্রযোজ্য।

৭৫৮। দুটি ক্লেশকর এবং বিরক্তিকর বিষয়ের মধ্যে যাকে একটি গ্রহণ করতে হয়, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭৫৯। অর্থের বিনিময়ে অন্যায়ভাবে কাজ করতে ইচ্ছুক ব্যক্তি যখন দয়া দেখায় বা সদিচ্ছা প্রকাশ করে, কথিত হয়।

৭৬০। সামান্য প্রার্থনার জন্য অপেক্ষমান প্রত্যাশীদের ক্ষেত্রে প্রযোজ্য।

৭৬১। প্রাচুর্য, শ্রম ইত্যাদি সত্ত্বেও দরিদ্র এবং হীন ব্যক্তির কপালে মন্দ লাভই ঘটে।

৭৬২। চরম প্রাপ্তি বিষয়ে উৎসাহদান করা হয়েছে, বলা হয়েছে ক্রমিক অধিকার (অনধিকার) স্থাপনের মাধ্যমে এবং অধ্যবসায়ের গুণে পরবর্তী সাফল্য অর্জন ঘটে। ভবিষ্যতে যে অন্যায়ভাবে অধিকার স্থাপন করবে, তাকে প্রথম সুযোগ দানে অস্বাচ্ছন্দ্য ভোগ করতে হয়।

৭৬৩। পূর্ববর্তী ব্যাপারে অবিমিশ্র লাভ ঘটলেও, পরবর্তীকালে সুখ-ভোগকারীকে স্বাধীনতা ত্যাগ করে অন্যের মেজাজ, অত্যাচার এবং খামখেয়ালীপনার শিকার হতে হয়।

৭৬৪। অপরিণত আনন্দকে ব্যঙ্গ করে বলা হয়, যা প্রকৃতপক্ষে ছিল বা সম্পাদিত হয়েছিল, তার জন্য যখন আশা করা হয়, বলা হয়।

৭৬৫। চরম সাফল্যের সম্ভাবনায় নৈরাশ্য এবং অবিমৃষ্যকারিতা থেকে মুক্ত হয়ে কোন বিষয়ে চালিত হবার পরামর্শ দেওয়া হয়েছে।

৭৬৬। নির্দিষ্ট বিষয়ে ধৈর্য এবং অধ্যবসায়ের পরামর্শ প্রদত্ত হয়েছে।

৭৬৭। কথা বলার ব্যাপারে সাবধানতা অবলম্বনে জোর দেওয়া হয়েছে, কারণ একবার মানহানিসূচক কথা উচ্চারিত হবার পর তা (মান) পুনরায় লাভ করা যায় না।

৭৬৮। স্বামীর প্রতি অস্বাভাবিক আচরণের ক্ষেত্রে প্রযোজ্য, অথবা অস্বাভাবিক এবং বিস্ময়কর বস্তুর ক্ষেত্রে সাধারণভাবে প্রযোজ্য।

৭৬৯। সরকার যেখানে অত্যন্ত কঠিন, পুলিশ যেখানে সচেতন, সেখানে চোর, খুনে প্রভৃতিরা শাস্তি লাভের ভয়ে শঙ্কিত থাকে।

৭৭০। যারা অপরের প্রতি বিশ্বাসঘাতকতা করে, অন্যদের দ্রব্য আত্মসাৎ করে নিয়ে ক্ষতিসাধন করে, তাদের উদ্দেশে বলা হয়েছে।

৭৭১। সংস্কারে বিশ্বাসী মানুষের প্রসঙ্গে উক্ত হয়েছে।

৭৭২। সাধারণ মানুষ যখন অসাধারণ কাজে সচেষ্ট হয়, বলা হয়।

৭৭৩। নিন্দুকের বিনাশ এবং একই সঙ্গে যা বাঞ্ছিত, তার প্রাপ্তি উপলক্ষ্যে কথিত হয়।

৭৭৪। যে গোপন তথ্য ফাঁস করে, যেহেতু নির্ভরশীল ব্যক্তিকে দেওয়া আশ্বাস রক্ষায় সে অসমর্থ এবং নিজের সম্পর্কিত বিরক্তিকর কল্পনায় যে প্রশ্রয় দেয়, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭৭৫। ব্যক্তিবিশেষের অভিপ্রায় জানতে কুশলী ও ছদ্ম প্রয়াস।

৭৭৬। একেবারে যে বিচ্ছিন্ন কিংবা বিরুদ্ধবাদী তার সঙ্গেও বন্ধুত্বের সম্পর্ক স্থাপিত হওয়া সম্ভব যদি প্রায়ই তার সঙ্গে আলাপ এবং প্রগতি-মূলক আলোচনা করা যায়।

৭৭৭। যখন এক শয়তানকে তাড়াতে আর এক শয়তান নিযুক্ত হয়।

৭৭৮। পাপিষ্ঠ এবং নির্লজ্জ আত্মীয়ের প্রতি ভীতিপ্রদ উক্তি।

৭৭৯। সম্পন্ন অবস্থা থেকে দারিদ্র্যের শিকার হওয়া কিংবা উচ্চ অবস্থা থেকে নীচ অবস্থায় পতিত হলে কথিত হয়।

৭৮০। অপমানিত বয়োজ্যেষ্ঠের বয়োকনিষ্ঠের প্রতি উক্তি, যে নাকি বয়োজ্যেষ্ঠের দুর্ভাগ্য নিয়ে ব্যঙ্গ করে।

৭৮১। ধৈর্যশীল অধ্যবসায় সকল বাধাকে অতিক্রম করে।

৭৮২। আইনের আশ্রয় গ্রহণের আগে কোনে বিষয়কে ব্যক্তিগতভাবে পরীক্ষা করে নিতে হয়।

৭৮৩। একগুঁয়ে এবং মাথামোটা ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য।

৭৮৪। ব্যক্তিবিশেষের যোগ্যতা এবং অভ্যাস তার প্রথম দর্শনেই টের পাওয়া যায়।

৭৮৫। নির্মম ঘটনায় সংশ্লিষ্ট নীচ এবং হীন ব্যক্তির উদ্দেশে কথিত হয়।

৭৮৬। পরোক্ষভাবে একজনকে যখন শিক্ষাদান করা হয়, বলা হয়।

৭৮৭। চমৎকার প্রতিশ্রুতি দিয়ে যে নাকি তা রক্ষা করেনা, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭৮৮। দ্রুততা কিংবা অস্থিরচিত্ততার পরিবর্তে ধৈর্যশীলতা এবং অধ্যবসায়ের ফলেই সাফল্য অর্জিত হয়।

৭৮৯। নিকৃষ্ট স্তরের ব্যক্তিকে যখন এমন কোন কাজ করতে পাঠান হয়, যা সম্পাদনে সে অযোগ্য তার ক্ষেত্রে এটি ঘৃণাপূর্ণ একটি উক্তি।

৭৯০। হীন সামর্থ্যের ব্যক্তি যখন ব্যর্থ ভান করে, বলা হয়।

৭৯১। যে বর্ণনাকারী আতিশয্যপূর্ণ গল্প কিংবা ভ্রমণকারীর কাহিনী বিবৃত করে তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭৯২। আশ্রিতদের যে ব্যক্তি অপমান করে এবং গালমন্দ করে, তার ক্ষেত্রে প্রযোজ্য।

৭৯৩। অলস এবং নিষ্কর্মা ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য।

৭৯৪। অসম্ভব কিংবা অবাস্তবতার ক্ষেত্রে প্রযোজ্য।

৭৯৫। যে অভাবী ব্যক্তি উচ্চতর লক্ষ্য ত্যাগ করে যা তার প্রয়োজন সেজন্য যখন পরিশ্রম করে, বলা হয়।

৭৯৬। মানুষের স্বাভাবিক প্রকৃতি এবং প্রবণতা একেবারে অতিক্রম করা অসাধ্য।

৭৯৭। সেইসব ভৃত্য ও অন্যান্যদের ক্ষেত্রে প্রযোজ্য, যারা প্রথমে বিনয়ী এবং অনুগত থেকে ক্রমে অবাধ্য এবং যন্ত্রণাদায়ক হয়ে ওঠে।

৭৯৮। পৃথক ব্যাখ্যা অনুপস্থিত।

৭৯৯। প্রভূত সতর্কতা এবং সাবধানতা অবলম্বন সত্ত্বেও যে প্রয়াস ব্যর্থ হয়, সেক্ষেত্রে কথিত হয়।

৮০০। ধূর্ত এবং প্রবঞ্চকদের চরিত্র একইরূপ।

৮০১। মৃতকে যেমন জীবন্ত হিসাবে গণ্য করা যায় না, তেমনি উত্তম কার্যের বিনিময়ে যখন অকৃতজ্ঞতা প্রদর্শিত হয়, তখন আর অনুরূপ সহায়তা কারো কাছ থেকে লাভ করা সম্ভব হয় না।

৮০২। প্রধান গুরুত্বের ব্যাপারে অমনোযোগী হলে এবং অনভিপ্রেত বিষয়ে অসঙ্গত ঔৎসুক্য দেখালে কথিত হয়।

৮০৩। অতিরিক্ত সাবধানতা এবং উদ্বেগের নিন্দা করা হয়েছে, কারণ তা শেষ পর্যন্ত লক্ষ্যকেই ভ্রষ্ট করে।

৮০৪। যে গৃহে অপমান এবং অবিচারের অবস্থান সেই গৃহের সংস্পর্শ ত্যাগের পরামর্শ প্রদত্ত হয়েছে।

৮০৫। আহারে এবং কর্ম সম্পাদনের ক্ষেত্রে লজ্জাশীলতা ত্যাগ করা চাই নতুবা ক্ষতির সম্ভাবনা।

৮০৬। মন্দ প্রকৃতির সংশোধন অসম্ভব।

৮০৭। নীচ ব্যক্তি সামান্য সাফল্যে যখন উল্লসিত হয়ে হাস্যকরভাবে গুরুত্ব লাভের কল্পনা করে বলা হয়।

৮০৮। যে ব্যক্তি বড় অন্যায় করতে সমর্থ সে কখনও তুচ্ছ অপরাধ করার ব্যাপারে সঙ্কুচিত হয় না।

৮০৯। যে ব্যক্তি পাপাসক্ত, তার কাছ থেকে কোন ভাল কিছুই আশা করা যায় না, কারণ তার পাপ আচরণ ছাড়া গতি নেই।

৮১০। লব্ধ ফল উপভোগে রত ব্যক্তি অপ্রয়োজনীয় বিষয়কে আশা করে, শেষে দুইই হারায়।

৮১১। পাপী ব্যক্তি নতুন কাজে লজ্জিত বা ভীত হয় না।

৮১২। যে ব্যক্তি দুর্নামের ভাগী হয়েছে, কালক্রমে সে পুনরায় সুনামের অধিকারী হতে পারে যদি তার এই ক্ষেত্রে প্রয়াস থাকে।

৮১৩। মানুষের প্রকৃত চরিত্র সঙ্গে সঙ্গে ধরা পড়ে।

৮১৪। অতিরিক্ত অহঙ্কারে যে ব্যক্তি সম্মানিত ব্যক্তিদের অবজ্ঞার দৃষ্টিতে দেখে।

৮১৫। মাঝামাঝি অবস্থাই সবথেকে ভাল, কোন কিছুরই অতিরিক্ত ভাল নয়।

৮১৬। ভাল লোকের সংস্পর্শে যেমন ভাল হয়, মন্দ লোকের সংস্পর্শে তেমনি মন্দ হয়।

৮১৭। সাফল্য নির্ভর করে মানুষের সাফল্য লাভের আশার ওপর, পরিকল্পনা মত উৎসাহ সহকারে প্রজ্ঞাসহ অগ্রসর হলেই সাফল্য করায়ত্ত হয়।

৮১৮। বিপদের চরম মুহূর্তে মানুষ বুদ্ধিভ্রংশ হয়ে পড়ে, আসন্ন বিপদ সম্পর্কে পূর্ব থেকে অনুমান করার অভাবে, যেমন গাছ কাটার সময়ে ফুল ফোটায়।

৮১৯। স্ত্রী বুদ্ধিতে কোন কাজে অগ্রসর হওয়া উচিত না।

৮২০। উপকারীর উপকার লাভ করার আগে পর্যন্ত তার প্রতি যে শ্রদ্ধা দেখান হয়, উপকার লাভের পর আর সে শ্রদ্ধা দেখান হয় না।

৮২১। হিন্দুদের মধ্যে প্রচলিত, সম্ভবত বক্তব্যটি যথার্থ, বৃত্তির সঙ্গে সংশ্লিষ্ট অভ্যাসের পরিপ্রেক্ষিতে।

৮২২। সম্পন্ন ব্যক্তির অবস্থা যখন পড়ে যায়. তখন তার পূর্বের মত শ্রদ্ধালাভ আর ঘটে না।

৮২৩। বিধি নির্দিষ্ট যাতা ঘটবেই।

৮২৪। মন্দ ব্যক্তি অন্যদেরও মন্দ দেখে।

৮২৫। যেমন ঈশ্বরের নিন্দা করলে নরকের ভয় দেখান হয়, শ্রদ্ধেয় ব্যক্তিদের যখন কেউ অশ্রদ্ধা দেখায় তখন তার উদ্দেশে বলা হয়।

৮২৬। বিখ্যাত এবং সম্মানিত ব্যক্তিদের ঔদ্ধত্য প্রদর্শন সম্পর্কে সতর্ক করা হয়েছে, বলা হয়েছে ঔদ্ধত্য তাদের সবথেকে বড় শত্রু।

৮২৭। দৈববিচারের ভয় দেখিয়ে পাপ পথ থেকে বিরত রাখতে চেষ্টা করা হয়েছে, সেইসঙ্গে ভাল ব্যক্তিকে উৎসাহিত করা হয়েছে যে সৎপথের পথিক কখনও অশুভ পরিণতির সম্মুখীন হয় না।

৮২৮। অর্থের প্রশংসা করা হয়েছে, অর্থের দ্বারা যে কোনো অভিপ্রায় ফলবতী করা সম্ভব, অর্থগৃধ্নু সকলকে অর্থ দিয়ে অধীনে রাখা যায়।

৮২৯। সামান্য ব্যাপারে অনেকের প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত হওয়াকে উপলক্ষ্য করে বলা হয়।

৮৩০। প্রতিকূল অবস্থায় অন্যের সহায়তা লাভে অভিজ্ঞ ব্যক্তির দুঃখ কষ্ট প্রকাশিত হয়েছে।

৮৩১। সক্রিয় সাহায্য করতে না পারলেও মিষ্ট কথায় অসুখী ব্যক্তির তৃপ্তি বিধানের পরামর্শ দেওয়া হয়েছে।

৮৩২। যে ব্যক্তি বাইরে থেকে ধর্মপ্রাণতা দেখালেও ভেতরে ভেতরে অন্যের ক্ষতির প্রয়াসী, তার উদ্দেশে কথিত হয়।

৮৩৩। মূর্খ ব্যক্তির একগুঁয়েমি দূর করা অসম্ভব।

৮৩৪। শয়তানি করার ক্ষমতা হারিয়ে যে পুণ্যাত্মার ভাব দেখায়।

৮৩৫। ভাগ্যের প্রতিকূলতা ঘটলে একসময়ে যে অনেকের সম্মান লাভ করেছিল, তার তা আর জোটে না।

৮৩৬। অর্থহীন অনুশোচনায় প্রশ্রয়দানে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। অভাবিত বিপর্যয়ে অসন্তুষ্ট হওয়াও অবিধেয়। এসব ক্ষেত্রে যা ঘটে গেছে সেজন্য ঐধর্য ধারণ করাই শ্রেয়ঃ।

৮৩৭। হীন অবস্থার মানুষ কোথাও সম্মান লাভ করে না।

৮৩৮। হিতোপদেশের গল্পের উল্লেখে কৃপণের কার্পণ্য কিংবা দীন ব্যক্তির হীনতাকে ব্যঙ্গ করা হয়েছে। শৃগাল শিকারীকে ভবিষ্যতের জন্য রেখে প্রথমে ধনুকের ছিলাটি খেতে গেলে প্রাণ দিতে বাধ্য হয়।

৮৩৯। মূল্যবান বৃক্ষ যেমন সব বনে পাওয়া যায় না, তেমনি বিখ্যাত ব্যক্তির সংখ্যাও সীমিত, সব সাধারণ মানুষই সামর্থ্য অথবা গুণের অধিকারী হয় না।

৮৪০। প্রত্যেক সুখের সঙ্গে কিছু দুঃখও থাকে, কোনো মূল্যবান জিনিষই বিনা দুঃখভোগে লাভ করা যায় না।

৮৪১। মুখে বড় বড় কথা বললেও, কাজে যারা শ্লথ, তাদের ক্ষেত্রে কথিত হয়।

৮৪২। সময় বিশেষে কিংবা অপ্রত্যাশিত ত্রুটিতে বলা হয়।

৮৪৩। দৈবের আনুকূল্য এবং মানুষের প্রয়াস সর্বদা পরস্পর পরস্পরের সহকারী, যারা ভাগ্যের দোহাই দিয়ে নিজেদের অলসতাকে ঢাকতে চায় তাদের ক্ষেত্রে প্রযোজ্য।

৮৪৪। সহিষ্ণুতা এবং দৃঢ়তা যে কোনও প্রয়াসে সাফল্যলাভের জন্য প্রয়োজনীয়. সাহসিকতা মানুষকে সৌভাগ্য ও খ্যাতিলাভে সহায়তা করে।

৮৪৫। বাচাল বোকার অর্থহীন কচকচানিকে ব্যঙ্গ করা হয়েছে।

৮৪৬। মৃত্যুর শিকার হওয়ার পূর্ব মুহূর্তে মানুষ যেমন ধর্মাচরণ করে, সেই রকম আন্তরিকতায় সততার অভ্যাস করার পরামর্শ দেওয়া হয়েছে।

৮৪৭। উন্নতি করার পরামর্শকে যে অবহেলা করে কিংবা বাতিল করে সেইরূপ ব্যক্তির উদ্দেশে কথিত।

৮৪৮। বোধশক্তিহীন মানুষকে উত্তম উপদেশদান অর্থহীন।

৮৪৯। অবিবেকী ব্যক্তি যারা গৃহীত কর্মের উপযুক্ত প্রতিফলন ব্যতিরেকেই তা সম্পন্ন করে।

৮৫০। অনুষ্ঠিত বিষয়ের জন্য অনুশোচক অর্থহীন।

৮৫১। সদাচরণ মানুষের সবথেকে বড় নিরাপত্তা।

৮৫২। মানুষ অর্থের কারণে সম্মান-অসম্মান সকল অবস্থার মধ্য দিয়েই কাজ করে।

৮৫৩। মানুষ দরিদ্র হলে তার সর্বোত্তম গুণরাশিও দৃষ্টিগোচর হয় না।

৮৫৪। মানুষে মানুষে আপাতভাবে সাদৃশ্য থাকলেও সামর্থ্যে কিংবা গুণের পরিপ্রেক্ষিতে পার্থক্য থাকেই।

৮৫৫। ধৈর্য এবং বিচক্ষণতায় সব বাধা দূরীভূত হয়।

৮৫৬। আত্মসংরক্ষণে সব কিছুই ত্যাগ করা চলে এমন কি তা যদি স্ত্রী অথবা সম্পদ হয়, তাও।

৮৫৭। নিজের দেশের জন্য সকলেরই ভালবাসা থাকে।

৮৫৮। সর্বোত্তম উপদেশ কিংবা সর্বশ্রেষ্ঠ প্রয়াস মন্দ ব্যক্তিদের ক্ষেত্রে চরমতম ভাবে ব্যর্থ হয়।

৮৫৯। দৈবের ওজুহাতে যারা নিজেদের ত্রুটি অথবা প্রয়াসকে চাপা দিতে চায়, তাদের প্রসঙ্গে উক্ত হয়েছে।

৮৬০। দাম্পত্য জীবনে বিশ্বস্ততা এবং আন্তরিক আসক্তিই স্ত্রীর প্রধান কর্তব্য।

৮৬১। অবাস্তব এবং অসম্ভব ইচ্ছার ক্ষেত্রে প্রযোজ্য।

৮৬২. পুরাতন ভৃত্য অভিজ্ঞ এবং আসক্ত হয়, আর পুরনো চাল সহজেই হজম হয়।

৮৬৩। মানুষের শ্রেষ্ঠ গুণ হল তার ধর্মশীলতা।

৮৬৪। কার্যশেষে চিন্তা এবং সময় অতিবাহিত হবার পর যে পরিণামদর্শিতা—দুইই অর্থহীন।

৮৬৫। দুর্জন ব্যক্তির প্রিয়বাক্য সতর্কতার সঙ্গে গ্রহণ করতে হয়।

৮৬৬। যথার্থ বন্ধুত্বকে প্রশংসা করা হয়েছে।

৮৬৭। ধনগৃধ্নুদের দ্বারা কৃপণ ব্যক্তিরা চিহ্নিত হয়।

৮৬৮। ভক্তদের মধ্যে ভন্ডামি এবং স্বার্থপরতা সাধারণভাবেই বিদ্যমান থাকে, আর এরা বিশ্বাসপ্রাণ মানুষদের ওপর ইচ্ছামত অনেক কিছুই চাপিয়ে দেয়।

৮৬৯। দুর্জন ব্যক্তি যতই কেন বিজ্ঞান এবং পাণ্ডিত্যে ভূষিত হোক, এদের সংসর্গ ক্ষতিকারক।

৮৭০। জীবন আভ্যন্তরিক প্রবণতা ও নীতির দ্বারা নিয়ন্ত্রিত হয়।

৮৭১। মৃত্যু সকলের ক্ষেত্রেই অপেক্ষমান।

৮৭২। অবিমিশ্রভাবে উত্তম সংসর্গ লাভের জন্য পরামর্শ দেওয়া হয়েছে।

৮৭৩। ন্যায্য পথের প্রশংসা করা হয়েছে।

—*—